

GEOGRAPHY

OF THE

NORTH-WESTERN PROVINCES

In Bengali

COMPILED BY

KALIPRASAD SANDILLA

THIRD ENGLISH TEACHER, GOVERNMENT HIGH SCHOOL ALLYGURH N. W. P.

CALCUTTA

MIRZAPUR, UPPER CIRCULAR ROAD,
No. 58-5.
THE GIRISHA-VIDYARATNAPRESS.

July, 1870.

উত্তর পশ্চিম অঞ্চলের ভূ-বৃত্তান্ত।

আনিগড়ের রাজকীয় বিদ্যানয়ের তৃতীয় শি**ক্**ক জ্রী কালীপ্রসাদ শাণ্ডিল্য

> কভ্র সহলেভ

কলিকাতা ৷

মৃজাপুর, অপর সরকিউলার রোড, ৫৮ ৷ ৫ সগ্ধাক ভবনে গিরিশ-বিদ্যারতু যন্ত্রে

মুদ্রিত !

সংবৎ ১৯২৭। আবাঢ়।

पुना । ०० मण वासा

সুহৃদ্র

আয়িক কার মোহিনীমোহন রায় মহাশয় • সমীপেয়ু।

ভাতঃ

আপনি আমার পাঠের সময়াব্ধি এপ্র্যান্ত সময়ে সময়ে যে সকল ভাক্তিম সখ্যের নিদর্শন প্রকাশ করিয়া আসিতেছেন, আমার মত হত-ভাগ্য ব্যক্তি, কি সাধ্য যে, তাহার অণুমাত্র প্রতিদান করিতে পারে? তবে যদি এই ক্ষুদ্ৰ পুস্তক থানি কোন ৰূপে জন-সমাজে গছীত হয়, আপনার প্রতি আমার অকপট সৌহার্দ্ধ এবং আন্তরিক-ক্রন্তর্ভার এই একটি চিহ্ন থাকিতে পারিবে, এই ভাবিয়া পুস্তক থানি আপনাকে উপহার দিতেছি। যদিও ইহা আপনার যথাযোগ্য উপহার নয়, কিন্তু ক্ষেহের হৃদয়ে কিছুই মলিন বোধ হয় না, অতএবএই লউন ৷ গ্রহণ করুন ৷ একণে আপনি এছণ করিলেই, ক্লার্থ হই।

''উপমার ছিতো নার্থোমিত্রবৎ জগতীতলে''।.

জনুগত ন্ত্ৰী কালীপ্ৰসাদ শাণ্ডিল্য।

পূর্মভাষ !

ইদানীং আর্থাবর্ত্তর,* যে সকল ভূ-রভাত প্রকাশিত হইয়াছে, তদ্বারা পশ্চিমোতর প্রদেশের কেবল জ্ল জ্ল বিষয় গুলি উপলব্ধ হয়, এবং জ্লবিশেষে বিশেষ নামের উচ্চারণ-বৈলক্ষণ্যও দৃষ্ট হয়, কিন্তু এ একটি বল্-জনাকীর্ব রহৎ প্রদেশ, স্বতন্ত্র একজন প্রতিনিদি শাভার জ্বান, আবার পূর্কাণর এপ্রদেশই সন্দিক লব্ধপ্রতিষ্ঠ, কেননা এ প্রদেশেই আর্থাদিণের প্রায় যাবতীয় তীর্থ, এপ্রদেশেই ব্যাস প্রভৃতি মহামতিদিণের জ্মজ্ঞান, এপ্রদেশেই চন্দ্রবংশীর রাজ-প্রেষ্ঠণণ বিশুদ্ধ-রাজনীতির অনুবর্তী হইয়া, মানব-লীলা সমরণ করেন, এপ্রদেশেই এক সময়ে

^{*} আধুনিক ভূগোল-বেতারা এদেশের যাবনিক নাম ''ছিলু-শ্বান''ই প্রয়োগ করিয়াছেন, কিন্তু সেই ইবায়ুলক জপবাদ-কৃচক নামটি আব্যাদিগের অসুখারা ছেতু, এ শ্বনে পরিত্যক্ত ছইল। 'ভারতব্য'' বা 'ভারতবত্ত ''এ দেশের ক'বীন নাম বটে, কিন্তু ভরত রাজার রাজ্বের পুরের্ম, এ দেশ নোমে অভিছিত ছিল, ভাষারও একবার অসুসন্ধান আবশ্যক, তাছা হইলে আব্যাবের্ড ভিন্ন আরু কোনু নাম লক্তি ছইতে পারে! তবে ধে, কোন কোন পৌরাদিক এবং আভিধানিক এ দেশকে আব্যাবের্ড এবং দাকিশাতো বিভাগ করিয়া, কিন্তা ও ছিমা-লয়ের মধ্যবৃত্তি শ্বানকে আব্যাবর্তি নামে নির্দ্ধেশ করেন, ক'ছাদিগের মত কোন রূপেই বিশ্বদ্ধ যুক্তির আহ্যোদ্মীর মহ, ওেছে আব্যাবর্ত্তর বোগার্থের সহিত উষার আংশিক সন্ধৃতি ভিন্ন, সপুর্ণ সন্ধৃতি দৃই ছয় না।

যবন রাজ্যের উদয়ান্ত হইয়া যায়, অবশেষে এপ্রদেশেই ১৮৫৭ খঃ অদে ক্লিজ-প্রমাণ বিদ্রোহানল কাল-গতিকে ক্রমশঃ প্রস্থাতি হইয়া ভয়ত্কর রূপ ধারণ করে, অতএব এতাদৃশ বিবিধ ঘটনাযুক্ত স্থানের সংক্ষিপ্ত বিবরণে কেভিছলের শেষ হয় না। বিশেষতঃ অধুনা অনেক বঙ্গ-বাসি আর্ঘ্য, কেছ কর্ম্মোপলক্ষে, কেছ তীর্থ-বাসেদেশে, কেহ ভ্রমণাভিলাবে, কেহ তুঃসহ পীড়া বশতঃ জল-বায় পরিবর্ত্তনার্থে, এ অঞ্চলে আসিতেছেন. তাঁহাদিণের পক্ষেত এতদঞ্জনীয় সাকলা পরিজ্ঞান আবশ্যক। এতল্লিবন্ধন প্রায় বৎসরাব্ধি আমি এই ক্ষুদ্র পুস্তক থানি সংগ্রহ করিতে প্রব্র হইয়াছি, ইহাতে প্রত্যেক জেলার চতুঃসীনা, আরুনানিক লোকসংখ্যা, धानमध्या, बाक्षे * পরিমাণ, উপনগর, পরগণা, নগর, স্থান বিশেষের প্রাচীন নাম ও তদারুষদ্ধিক বাচনিক ইতিহাস এবং প্রসঙ্গাধীন অন্যান্য অনেক বিষয় যথা ক্রমে সলিবেশিত হইয়াছে। একণে কত দুর কত-কার্য্য হইয়াছি তাহা পাঠক মণ্ডলীর আগ্রহ-সাপেক। काशत अहे शृक्षकथानि श्रामां जनाई जानिए शांतितन, রাজওয়াডার ভরতান্ত এবং এতদগুলীয় লেছিকক আচার ব্যবহার সম্বন্ধে স্মাজগত নিয়ম স্মৃহ সংগ্রহ-পূর্বক

^{*} কোন বিশেষ স্থান এগত সাকল্য ভূমি প্রকাশক জান্য কোন শক্ষা পাওরার রাই শক্ষাবদার করা গেল, যদিও ইচা বিবা- ' দাম্পদ বটে, কিন্তু বোধ হয়, উপস্থিত বিবারে এককালেই জাপ্স-মুদ্ধানর।

পৃথক্ পৃথক্ পুস্তকে প্রকাশ করিতে প্রোৎসাহিত ছইব।

পরিশেষে ক্তজ্ঞতার সহ স্বীকার করিতেছি, অত্তারাজকীয় বিদ্যালয়ের উর্দ্ধু ভাষার অধ্যাপক প্রীয়ুক্ত মউলবি শির্জা, মউলবি জাকর এবং মুদ্ধি আলিবংশ, বিশেষতঃ ভট্টপজ্লি নিবাসী প্রীয়ুক্ত রামনারায়ণ বিদ্যারত্ব, বরেলী জেলাস্থ আঁওলা নিবাসী প্রীয়ুক্ত অক্ষদ-শাস্ত্রী এবং ত্রিহুত নিবাসী প্রীয়ুক্ত পণ্ডিত কালীচরণ প্রভৃতি মহোদয়গণ এতং প্রথমনে আমাকে মংখক সাহায্য করিয়াছেন। এতন্তির কলিকাতা সংস্কৃত কালেজের শন্ধ-শাস্ত্রাধ্যাপক প্রীয়ুক্ত গিরিশচন্দ্র বিদ্যারত্ব মহাশয় অনুগ্রহপূর্বক প্রুক্ত সকল সংশোধন করিয়া আমার পরম উপকার করিয়াছেন।

প্রী কালীপ্রসাদ শাণ্ডিল্য।

অ†লিগড় উং পং অঞ্চল। ৩২ আধাঢ়। সৰং১৯২৬।

সূচীপত্র।

বিষয়			•		5	1 go
	•				• •	>
এপ্রদেশের न	†म ''উ र	র-পশ্চি	মাঞ্চল''	হওয়ার	কারণ	5
हकुःमीमा , टे	वर्षा-क्ष	ত এবং ৫	লাকসং	4T1		3
পর্মত					•••	30
नम-मनी	•••				***	50
	ধান খাল	••			***	90
প্রাকৃতিক বি						৩১
म् निरु श्र	-			•		ડ ર
				••		دی
		• • •		• • •	•	
শাসন-প্রণার	नी अ इर्ग	ज्ञ∙ह	***	***	***	≎8
আর্ঘ্যবংশীয়	শ্ৰেণীয়ে	FF	• • •	•••	• •	98
মুসলমান-জা	তীয় জে	ोट जन			***	৩৭
রপাকৃতি।	শারীরি	ক ও মান	সিক শ	ক্তি। ব	ৰভাব	94
धर्मा					***	৩৯
ভাষা৷ উদ	ভাষার	উৎপত্তি	5	• • •	***	80
শিক্ষাবিভাগ						82
হলকাব-	ी खरा		,			82
বিদ্যাল	রর শ্রেনী	ट्डम				83
স্ত্রীশিকা						83
					• • •	88
টোল					***	88
মক্তব		***	***			8¢,
সভা এং	ং সমাচা	ং পত্ৰ				84
গ্রাম-নগর	•••	•••			•••	84
शंध-शांह					***	89

[1./0]

বিষয়				5	रे के 1
প্রান্তর। পশু-পদ	हो	•••			88
কীট-পতন্ত্ৰ। সরী	স্প	•••			62
_	-প্রক্রিয়			•••	¢2
थम्		•••			¢\$
রবি-খনে†ংপল					n n
ठळ- शट मार्थब	***			•••	t D
আকর					¢ is
শিল্পজাত দ্ৰব্য				•••	620
বহিক্পিণিজ্য			• •	*14	49
षास्तर्भा शिका	~			• • •	69
রাজকীয় বিভাগ				•••	6 p.
	• • •		***	•••	d5
নগর ও তদন্তর্গত এ	क्रिक छै॰	'লগেৱ .ea	re Stee	# + TT	% ●
বনারস বিভাগ			1, 10	-417	3.
	***	***		•••	63
গে:রখপুর	***				હુ
ব ন্তী	***	***		*	e t
অব্জন্মগড় গ্ভীপুর	***	***	***	• • •	99
ণাজারুর জেনপুর	•••	***	• • •		40
বনারস		***			42
পঞ্চকে শীং	~	* - *	***	•••	9.
মিজাপুর	9 V				৯৯
	***			:	505
এলেহাবাদ বিভাগ		***		5	۰8
এলেহানাদ				5	9 B
ক তেপু র					22
₹†#!	•			5	52
হমীরপুর ক∤ণপুর				5	54
কাশসুর				۰۰۰ ۵	5 5

[1/0]

			/•]			
विषय						शृष्ठी
বাঁদী বিভাগ		•	•			395
अंभी					•	2254
ज: त्नी न						ددد .
ল লিভপুর			•			25.0
আন্বারিভাগ						
		•••	• • • •		••	252
এটাওয়া					•••	252
ক্রেবিধার		•••			• • • •	255
এটা	4.4	***	,,		•••	258
देमनभूत्री		•••	•	414	•-•	32 tc
অ(গর)		• · · ·	• • • • • • • • • • • • • • • • • • • •	•	***	250
मर्जू इ					•••	200
মিরঠ বিভাগ					• •	282
আ'লিগড়						589
বলন্দ্র					***	585
भित्र हे	-				***	389
মুজফকরনগ	ø				***	Sto
সহারণপুর	***					245
হের ;দু ম					• • •	542
রোছিলখণ্ড অর্থ	ণিৎ বয়ে	ली वि	ভাগ	***	***	>00
শাজীহাপুর					***	548
र दब्र ली	***				***	34 C
বদায়				***		545
মুর:দাবাদ					•••	549
বিজ্ঞানীর		***			***	200
ভর†ই					•••	202
কমায়ঁু বিভাগ	• • • •	•		***	•••	365
অনৈমোড়া						535
এ শিনগর					***	350
অজ্মের	•••	•••	•••			>58 .
উত্তর-পশ্চিম অ	अंटल इ	হ্ন <u>সূত্</u>	ক লেছি	বজু স্থা	मीव	356
শাখা লৌহব						>9b

শুদ্ধিপত।

	4		
অশুদ্ধ	শুদ্ধ	ダミ	१ १।
এ প্রদেশে পাঁচটি কালেজ নিমু লিখিত ছানে ছাপিত আছে, বখা বনারস, আগরা, বরেলী এবং অজনের	এ প্রদেশে পাঁচরি কালেক নিমু নিধিত কালেক নিমু নিধিত কালে, বধা বনারস, আগরা, বরেনী, করকী এবং অক্তমের	88	y
বিঠুর	বিটোর	89	9
একটি গান্ধীপুরে এবং বৰুসত্তে	এकि भे की शूटत এदः এकि दकसटत	83	52
রাজপুতানা-বাসিরা দক্ষিণ রাজওয়াড়ার	রাজপুতানা বাসি বা দক্ষিণ রাজওয়াড়ার	8₽	¢
পুরেভাচেগ একটি কূপ-পার্টশ্বকদেন্দ একটি কৌপাধার কুণ্ড	পুরোভাগে একটি কূপ এবং পার্মেকদেশে একটি কৌপাধার কুও		50
ड इथन।	ভৰ্ষনা	હું	•
শেতকা য়াব্দি	শেকোয়বিদ	৬১	22
একটি ব্যবহারিক সৈনিক্নগর	একটি ব্যবহারিক ও সৈনিক নগর	95	\$12
প্ৰাৰ	21 T	45	2.0
त्म बाबू	বেরাধ্	255	9



পরিভাষা।

(১) এক প্রতিনিধি শাস্তা বা এক ভারার্ণিত সচিব-প্রধানের (এক লেপ্টেনেন্ট গ্রন্থ বা এক চিফ কমি-শনরের) শাসনাধীন সমুদ্ধ স্থানকে "প্রদেশ" বা "অঞ্জন" ◆ বলে।

কোন নদীর উভয় বা এক পার্শ্ব-ছিত সাকল্য বা আংশিক ছানকে, কিয়া কোন পর্মত-প্রস্থ স্থিতিত সাকল্য বা আংশিক ছানকে ঐ নদী বা পর্কতের নামায়সারে 'প্রচেদ্ধ'' বলে।
পরপার কিঞ্চিৎ ব্যবহিত ছুদ্দ ছুদ্দ পর্মতম্ব ছানকে, অথবা
কোন পর্মত-শ্রেণীর অধিত্যকান্ধ প্রশার দুরাদুর সমুহ লোকালয়কে, কোন বিশেষ পর্মতের অপ্রাধানেয়, কেবল 'পার্জত্য প্রদেশ'' বলে।

(২) এক ভারাপিতি সচিবের (এক কমিশনরের) খাস-নাধীন সমুদ্র স্থানকে "বিভাগ" বলে, এবং রাজ-

^{*} প্রদেশ[†]থ ভিন্ন অঞ্চল শক্ষ যখন জান্য কোন স্থান-বাটী। বিশেষ নামের সহিত সুক্ত হয়, তথন সেই ক্ষানের প্রাধানো। তদভাগত বাতংস্বিহিত ক্ষান সমূহকে বৃধ্যুয়।

কার্য্যার্হে ভারাপিত সচিবের প্রবান আধিবেশনিক নগরের নামানুসারে সমস্ত বিভাগ প্রসিদ্ধ।

রাজ-কার্য্যের প্রত্যেক শৃগ্পল্টেকও তথামাসুসারে ''বিভাগ'' বলে ৷

(৩) এক রাজ-কর-সংগ্রহীতার (এক কালেক্টরের)
শাসন্ধীন সমুদ্র স্থানকে "জেলা" বলে, এবং রাজ-কার্যাধের্থ রাজ-কর-সংগ্রহীতার আধিবেশনিক নগরের নামানুসারে সমস্ত জেলা প্রসিদ্ধ।

জেলা মাবনিক ভাষা, ইছার ধাত্র্য শিরা, ধমনী !

- (৪) এক রাজ-কর-সংগ্রহীতার প্রধান আধিবেশনিক ছানকে 'নগর," তৎসংলগ্ন ক্ষুদ্র লোকালয়কে 'নগর-প্রান্ত' অর্থন ছল বিশেষে 'শার্থানগর' বা 'শার্থা-পুর' এবং জেলাছ জন্যান্য নগর-সদৃশ লোকালয়কে 'উপনগর' বলে।
- (৫) এক প্রতিনিধি শান্তিরক্ষক বা এক প্রতিনিধি রাজ-কর-সংগ্রহীতার (এক ডেপুটি ম্যাজিটেটুট বা এক ডেপুটি কালেক্টরের) শাসনাধীন সমুদ্ধ স্থানিকে "উপবিতাগ" বলে, এবং রাজ-কার্গার্থে প্রতিনিধি শান্তিরক্ষক বা প্রতিনিধি রাজ-কর-সংগ্রহীতার প্রধনে তাধিবেশনিক উপনগরের নামানুসারে সমস্ত উপবিভাগ প্রসিদ্ধ।

রাজ-কার্থের প্রতোক শৃখুলার এক এক ভাগতেও ভদ্ধান্ত-সংরে ''উপবিভাগ'' বলেঃ (৬) এক তহদীলদারের শাসনাধীন সমুদ্র স্থানকে 'তহদীল' বলে, এবং রাজ-কার্যার্থে তহদীলদারের প্রধান আধিবেশনিক উপন্পরের নামানুসারে সমস্ভ ু তহদীল প্রসিদ্ধ।

তদসীল যাবনিক ভাষা, ইমার ধাত্ব আদার করা, কিপ্ত ইমা ব্যবহারতঃ যে উপনগরে রাজস্ব সংগৃহীত হয় তরাচী।

এ অঞ্চলের (উত্তর পশ্চিম অঞ্চলের: ভূমাধিকারিগণের স্বহিত চিরছারী বন্দোবস্ত না থাকা হেতু, রাজস্ব সংগ্রহার্থ প্রতি জেলার তিন চারি জন করিরা তহসীলদার নিযুক্ত আছেন।
ইমারা তিন শ্রেণীভূক্ত, প্রথম শ্রেণীতে ২০০, দ্বিতীয় শ্রেণীতে ১৭৫, এবং স্ততীয় শ্রেণীতে ১৫০, টাকা মাসিক বেতন নির্দারিক আছে। তহসীলদারী কর্মার্থীরা যথারীতি পরীক্ষোতীর্থ ফ্রিল, প্র কর্মানাত্রর ব্যাগ্য হন, এবং গ্রেণর সৃষ্টিত কর্ম্ম করিলে তেপুটি কালেণ্টরের প্রাম্য হন, এবং গ্রেণর সৃষ্টিত কর্ম্ম করিলে তেপুটি কালেণ্টরের প্রম্য হন, এবং গ্রেণর স্বাহ্বত কর্ম্ম

(৭) তহসীলান্তর্গত বা প্রদেশ-বিশেষে জেলান্তর্গত কতিপর প্রাদ-সমন্টির নাম ''পরগণা,'' এবং পর-গণান্তর্ভুক্ত নির্দ্ধারিত কোন প্রধান প্রাদের দানাত্র-সারে সমস্ত পরগণা প্রসিদ্ধ।

আধুনিক কোন কোন আভিধানিক এ শক্ষটি যাবনিক ভাষা ছিব করিবাছেন, বস্তুত জাবা নত, এটি প্রাক্ত ভাষা, সংস্কৃত শপরপ্রশাল অবাং শহরে লক্ষ্য-ছান। প্রাচীন আর্ব্যাবতে অনেক ছুন কুদ্র রাজ্য ছিল, এবং ভাংকাদিক রাজ্য কেবল কতিপাল কর-ছানীরে বিভক্ত হইত ; কর-ছানীর ছন্ত্রণত করা রাজ্য-লাভের একটি সহজ্ব উপার অভ্যাবে, তদানীরদ পরস্পর-বিছেনি স্মকক রাজ্যাণ, প্রচ্নাকে অন্যের রাজ্যাক্রমণের প্রথ্যান্যন্ম

ভদীয় কর-স্থানীবের প্রতি দৃষ্টি রাখিতেন, এবং তজ্জন্যই কর-স্থানীয় পরগণা শব্দে অভিছিত! প্রাচীনসালে প্রগণাস্থ প্রধান কর্মচারী, বোধ হয়, এক জন করিয়া ''গোপ'' নিযুক্ত থাকিতেন।

(৮) শহর শদের ব্যবহারিক অর্থে গগুপ্রাম হইতে
 প্রধান নগর পর্যান্তর বুঝায়।

শহর যাবনিক ভাষা, ইহার প্রকৃত উচ্চারণ শেহর।

(৯) যে দগরে বা উপনগরে আমদানি-রপ্তানি হয়, অর্থাৎ যে নগরে বা উপনগরে নামান্থানজাত বিবিধ বা বিশেষ কোন প্রকার ক্রব্য সংগৃহীত হইয়া, বিক্র-য়ার্থে স্থানান্তরে প্রেরিত হয়, তাহাকে এপ্রদেশে "মন্তী" বলে।

মঞী দাকিণাত্য ভাষা।

- (১০) যে প্রদেশে, বিভাগে বা উপবিভাগে নির্দারিত নিয়মাধীন রাজ-কার্য্য নির্কাহ হয়, ভাছাকে নিয়মা-স্তর্গত প্রদেশ, বিভাগ বা উপবিভাগ বলে।
- (১১) যে প্রদেশে, বিভাগে বা উপবিভাগে নির্মা-তিক্রম ও উপস্থিত প্রয়োজন বশতঃ রাজ-কার্য্য নির্মাহ হয়, তাহাকে নিরমবহিতুতি প্রদেশ, বিভাগ বা উপ-বিভাগ বলে।
- (১২) সুশোভিত শ্রেণীভূত সমূহ পণ্যালয়কে, অথবা শ্রেণীভূত পণ্যবিধিকা-বিশিষ্ট চতুছোণ প্রাণস্ত স্থানকে "চক" বলে।

চক প্রাক্ত ভাষা, সংস্কৃত শন্ধ 'ভিডর''; কিন্তু বোধ হয়, এ প্রয়োগটি সর্ক-হাদি-সমত নছে? অজ মুসনমানেরা ব্যংপতি-জন্মের জ্ঞানাভাবে, চক শন্ধকে পারস্য 'ভিকোর'' শক্ষের জ্ঞাপ-জংশ বলিয়া থাকে, কিন্তু ভাহপদিশের এ অমুভরটি নিভাও জনস্কত, বেছেতু 'ভিকোর'' শন্ধ সংস্কৃত চতুকোণ হুইতে স্কৃত, এবং অর্থতঃ কেবল চতুকোণ ভিন্ন বিপণি-সংযুক্ত চতু-ক্ষোণ স্থান-বাতী হুইতে পারে মা।

(১৩) প্রশস্ত-শির, চতুর্দ্ধিক চালু, র্ভাকার মৃত্তিকাময় উচ্চ স্থানকে "কোট" বলে, কিন্তু মপুরায় কোট-সদৃশ স্থানকে "টিলা" বলে।

কোট কোন নগরের অন্তর্ক্তী বা সংলগ্ধ থাকিলে ভাছাতে ''উপর কোট'' বলে, এবং উপর কোট পণ্যালয় ছইলে, ছান বিলোধন, উছাতে ''উচলেছর''ও বলে।

(১৪) গুলিকা-প্রক্ষেপণ-যোগ্য বপ্র-বেক্টিড বড়ভূজ, চতুপুল বা হ্বভাকার প্রশস্ত ক্ষেত্রকে "হুর্ব ৹" বলে: এ অঞ্চলে ডাহাকে "গড়" এবং সামাল্যতঃ "কো" বলে।

ক্ষলবিশেষে, বপ্র বাহির হইতে ছালু ছইয়া ভিতরে উন্নত, কিয়া ভিতর হইতে ছালু হইয়া বাহিরে উন্নত থাকে। কোন কোন ক্ষানে ছুর্গমধ্যে প্রালাদ, ছুর্গের চুত্র্দিকে পরিখা এবং ছুর্গ প্রবেশার্থে ছুইটিকরিয়া সক্ষান দুই হয়।

(১৫) मार्गात-विभिष्ठे रेमना-विनारमांशरगांशी

^{*} मान विरम्पार पूर्व এवश कां है अकार्य है बावस्क रहेश था कि!

প্রশাস্ত ক্ষেত্রকে "সেনানিবেশ," "সৈনিকাবাস" বা "সৈন্যাবাস" বলে; এলঞ্চল ভাছাকে "সাউনি" বলে।

- (১৬) সেনানিবেশ ভিন্ন, যে স্থানে বিশেষ কার্য্যব্যতঃ অপেকালের নিমিত্ত সৈন্যদিগকে বাস করিতে হয়, ভাছাকে "সৈন্য-শিবির" বলে।
- (১৭) পাদ্গণের বিশ্রাদার্থ চতুতু জ বা র্ডাকার প্রাবর পরস্পর-সন্নিহিত-বক্ গৃহ-সংযুক্ত এবং প্রশস্ত অঙ্গন বিশিষ্ট হইলে, তাহাকে 'পোকু-নিবাস,' 'পোধিকশালা'' বা 'পোধিকাশ্রম'' বলে; এ অঞ্চলে তাহাকে ''সরায়' বলে।
- (১৮) বালুকাময় প্রশান্ত প্রান্তরকে "রেডোইছান" বলে। হিন্দী "রেড" সংস্কৃত "রেডলা" শব্দের অপদ্রংশ এবং শারস্য "রেদি স্থান"ও সংস্কৃত রেডোইস্থান হইতে সম্ভূত।
- (১৯) যেছান ছইতে কোন নদীর উদ্ভব হয়, তাছাকে "প্রভব" বা "নির্পন" বলে, এবং যে ছানে অন্য নদী বা সমুদ্রের সহিত মিলন হয়, তাছাকে "সঙ্গন" বলে।

্সক্ষ-ক্তিন সংখানাতঃ উপনদীর নামাস্পাতঃ সক্ষম শক্ উক্ত হয়।

(২০) কোন নদীর প্রভাৱ ছইতে প্রোতোর্সারে সঙ্গনভিমুখে গেলে, দক্ষিণ পারে হৈ তীর থাকে, ভাছাকে প্রান্তীর "দক্ষিণভীর," এবং বানপারের ভীরকে "বান্তীর" বলে।

- (২১) কোন নদীর গর্ভ ছইতে তীর পর্যন্ত ক্রমশঃ উথিত বালুকাষয় চড়াকে ঐ নদীর নামান্সাবে "পুলিন" বলে।
- (১২) এক নদী ছইতে অন্য নদীতে, কিয়া এক নদীর কোন এক ছান ছইতে কত্তক সরল, কতক বক্ত ভাবে কুননীর অন্য ছানে, যে রছৎ জলপ্রণালী থাত ছর, তাহাকে "থাল" বলে; এ অঞ্চলে তাহাকে নেহর বলে।
- (২৩) এক থাল হইতে অনা থালে বা নদীতে যে ক্ষুত্ৰ জনপ্ৰণালী থাত হয়, তাহাকে ''উপথাল' বলে; এ অঞ্চলে তাহাকে ''বধা'' বলে।

বয়া আরাবি ময়া শক্তের অপভংশ।

- (২৪) আর্য্যাদিশের দেবালয়কে "মন্দির" বলে, এবং যে মন্দির হইতে তিক্ষাজীবীরা প্রতাহ তিক্ষা পায়, তাহাকে সামান্যতঃ "সদারত," কিন্ত কাশীর বান্ধালি-টোলায় "ছত্ত্ব" এবং রন্ধাবনে "কুঞ্জ" বলে।
- (২৫) মুসলগান দিগের ভজনালয়কে "মস্জীদ" বলে ।

 মস্জীন আরাবি সিজ্লা হইতে সম্ভূত, সিজ্লার অর্থ নমন
 এবং মস্জীদের অর্থ নমনোপগোলী স্থান।
- (২৬) শুক্রবারে অনেক মুসলমান একত্রিত ছইয়া থে রহৎ মস্জীলে উপাসনা করে, তাহাকে "জামে মস্জীদ" বলে !

উত্তর পশ্চিম অঞ্লের ভূরতান্ত।

অঞ্চ মুদলমানের। শব্ধার্থ-জ্ঞানাভাবে ইহাকে "জুমা-মৃদ্জীদ" বলে। তাহাদিগের এরপ জ্ঞার একমাত্র কারণ এই উপলব্ধ হয় যে, জুমা শব্দের অর্থ শুক্রবার এবং সামান্যতঃ দেই বারেই অনেক লোকের সহিজ্ঞ এ মৃত্তীদে উপাদনা হয়। বল্পতঃ এটি জামে শব্দ, এবং এপ্রদেশের স্থানিত মউলবিরা জামেই উচ্চারণ করিরা থাকেন, যেতেতু জামে শব্দের ধাহর্থ "জায়ে-জ্ঞান" অর্থাৎ সমবার-জ্বান।

- (২৭) এক জন মুসলমানের সমাছিত স্থানকে "কবর" বা "গোর" বলে, এবং একাদিক কবর বা গোর মৃক্ত স্থানকে "কবরো-স্থান" বা "গোরো-স্থান" বলে।
- (২৮) কোন দরবেশ অর্থাৎ সিদ্ধ পুক্ষের কিছা কোন সঞ্জান্ত ব্যক্তির সমাহিত স্থানকে, অর্থবা কথন কথন কোন পুণ্য-ক্ষেত্র বা রাজসভাকে "দরগা" বলে।
- (২৯) মুসলমানের সমাপি-মন্দিরকে "মকবর।" বলে।

 মস্জীদ আদি করিয়া যে করেকটি যাবনিক শক্ষ এছলে পরিভারিত হইন, তাহা কেবল যাবনিক বিসয়েই প্রযুক্তা।

এপ্রনেশের নাম

" উত্তর-পশ্চিমাঞ্চল "

হওয়ার কারণ।

ইংরাজেরা প্রথমতঃ বান্ধানা প্রদেশ হস্তগত করিয়া ক্রমশঃ এ প্রদেশের আধিপত্য লাভ করেন, এ প্রদেশ বান্ধানা প্রদেশের উত্তর পশ্চিমে সংস্থিত, এই নিমিত্ত তাঁহারা ইহাকে "উত্তর পশ্চিমাঞ্চল" * বলাতে, ইহা এক্ষণে ঐ নামেই প্রসিদ্ধ।

हजुश्मीमा, टेनर्था-श्रञ्च धदः

লোকসংখ্যা।

উত্তর-পশ্চিমাঞ্চলের উত্তরে নেপাল রাজ্য এবং অযোধ্যাপ্রনেশ; পূর্মনিকে বাঙ্গালাপ্রনেশানীন বেছার এবং পালামো; দক্ষিণে গোয়ালিয়র, বুন্দেলথপ্ত এবং রিমা প্রভৃতি স্বাধীন রাজ্য; এবং পাক্তিমে ঘমুনা নদী, যাহার অপর ভীর ছইতে পঞ্জাবের প্রারম্ভা ইছার

^{*} যে আর্থ্য-ভূতাগকে একণে "উত্তর-পশ্চিমাকল" বিদিয়া
নির্দেশ করা বাইতেছে, তাহা বাধীন আর্থ্য-রাক্তে অংশতঃ
"দলিশ কোশলা" "মহাকোশলা" বা "কাশীরাক্ত্য",
অংশতঃ অত্তর্মন এবং অংশতঃ হিমালর ও পার্কতা প্রদেশ
বলিয়া বিধ্যাত ছিল।

পূর্ব্ব-পশ্চিম দৈর্ঘ্য ৫২৮ ক্রোশ এবং উত্তর-দক্ষিণ প্রস্থ ১৭৬ ক্রোশ। লোকসংখ্যা তিন কোটি, তন্মধ্যে ছুই কোটি ষাইট লক্ষ কার্য্য এবং শুক্ত, অবশিষ্ট চল্লিশ লক্ষ যবন এবং লেচছু।

-8888-

পৰ্কত।

এ প্রদেশের পৃশিচ্যোত্তর কোণে হিমালয়-শ্রেণীর যে সকল প্রতি আছে তাহা ক্যায় এবং নৈণীতালের *

অপর উপবোজ জলাশরের অগ্নিকোণ ছইতে 'বিস্তরিয়া'
নামে একটি ক্ষুদ্র সরিং নির্গত ছইছা প্রথমজঃ দক্ষিণাভিত্নথে
এবং তংগরে, দক্ষিণ-পক্ষিমাভিত্নথে প্রবাহিত ছইছা বরেলী
ক্ষেন্য ''স্থা'' নদীর দহিত বিলিত ছইছাছে ৷ উজ সরিংটি
নৈণীভাল ছইতে প্রায় দেড় ক্ষোণ পর্যন্ত অন্তঃসনিলা থাকার
নাড়-যোনিতে উহার নির্গম দুট হয় না, কিস্কু দেড় ক্ষোনের

পর্বত বলিয়া বিখ্যাত। শেষোক্ত ইশল-রাশি রোছিল-খণ্ড বিভাগস্থ মুরাদবিদের ৩০। ৩২ ক্রোশ উত্তরে সংস্থিত, এবং উহার অধিত্যকার এ প্রদেশের প্রধান

পর উহা যেন অকল্মাং ভূগার্ভ হইতে উদুগত হইতেছে, এইরপ বোধ হয়। অপর উহার উদুগম হইতে কতক দূর নীচে উহার উপর একটি সেতু আছে, ভাহা "ব্রিরার পুল" বিদি হা আখ্যাত, এবং ঐ পুলের এক ক্রোল নীচে উহার বামতীরে "রাণীবাগ" নামে একটি স্বন্য বাগান আছে, ভাহার অব্যব-হিত পুর্ব্ব দিকে একটি সংপথ, এবং তদনভর একটি ক্লুত্র পর্ব্ব-তের উপর "আয়্তপুর" নামে একখানি আম, উহাতে ক্বি-জাবি পর্ব্ব লোক বাস করে।

রাণীবাগের অগ্নিকোণে প্রায় তিন ক্রোপ ব্যবহিত এক প্রান্তর মধ্যে ''হললাউনী' মতী নামে একথানি রছং প্রায় আছে, ঐ প্রায় ছইতে যে সংশর্থাট নিগত ছইলাছে ভাষাই বাণীবাগে এবং বল্লিরার পূল দিরা কৈনীভালে গিলাছে। অপর ঐ প্রামের দলিপে আদিকোশ বাবহিত 'গতলা' নামে একটি ক্রুদ্র নলী প্রবাহিত ছইতেছে। ঐ নদীটি পুর্কাদিকছা হিমাচল ছইতে নিঃসূত ছইলা, এই ছাল দিলা পশ্চিমন্বাহিনী ছইছা বস্থারার সাহত মিলিত ছইলাছে, উলার সঙ্গন স্মাণে ''চিত্রেশ্বরার সাহিত মিলিত ছইলাছে, উলার সঙ্গন স্মাণিত আছে, মকর-সংক্রান্তিতে ঐ ছানে একটি মেলা ছল।

নৈণীভালের পূক্ষদিকে প্রায় পাঁচ ক্রোপা মূরে পর্কত-থেছিত গাস্ত্রেল 'ভীমভাল' নামে আর একটি জলাশয় আছে, ভাষার দৈঘাও কিঞ্ছিব মূন আদক্রোপা, এবং ভাষার আয়ান কোনে 'ভীমেশ্বর' নামে একটি শিবলিক্ষ প্রতিষ্ঠিত।

ভীমতাদের পুর্বের একজোশ ব্যবস্থিত 'বস্বংকুমার' নামে একটি তাল আছে, তামাও পর্বাত-বেটিত সামুদেদেশ একটি মনোরমা সলাগার। অপর নৈনীতাল অঞ্চলে ৬৪ টি ভাল কথিত ছইরা থাকে, কিন্তু তন্মধ্যে উপরের লিখিত তিন টিই অপেলাইত প্রসিদ্ধঃ

রাজপুৰুষণণ গ্রীম খতুতে শৈল-বায়ু সেবনার্থ অবস্থিতি करतम। मित्रठे विखांगच द्वतामून मगरतत हुई ट्वांग উত্তরে "রাজপুর" গ্রানখানি যে পর্বতপ্রছে সংস্থিত, তাহার লাম "মত্রি" বা "মন্স্রি," এবং তাহার অগ্নিকোণে দেড ক্রোশ ব্যবহিত "লদ্ধের" নামে আর একটি পর্বত আছে, এ ছুইটিই হিমালয়ের একদেশিক, ইহার অধিত্যকা লোকালয়, এবং কোন কোন রাজপুরু-ষের প্রীয়াবাদ। সহারণ পুর এবং ছেরাদূলের পার্থকঃ मीमावर्जी ये अकि शर्या नृष्ठे इश, जाहा निवालित्कत ঐকদেশিক। আগরা, মথুরা এবং পঞ্জাব প্রদেশা-ধীন গোরগার পশ্চিম দিয়া যে একটি কুদ্র শ্রেণী গিয়াছে, তাহা অর্বলীর অংশ, এবং রন্দাবদের কিঞ্জিৎ দুরে গিরিগোর্দ্ধন নামে যে একটি পর্বত আছে, এবং যাহা আর্থ্যদিগের একটি তীর্থস্করণ গৃহীত হই-शारक, जांका डेकांबरे क्षेकरमानिक। अञ्ख्यि विस्नारिन-শ্রেণী ভারতবর্ষের পশ্চিম প্রান্তম্ কালে উপসাগরের তীর হইতে প্রারক্ষ হইয়া প্রায় একটি ক্টিগর্কীর মত मोलव (मण, यश छोत्र छवर्ष, बूटमान थेल अदर शिक-মোত্র প্রদেশের হ্মীরপুর, বাঁদা, এলেহাবাদ ও মির্জা-পুর বিয়া বাঙ্গালা প্রদেশে রাজ্যহল-স্মীপে পর্যাবসিত **ब्हेग्राट्ड** ।

नम-नमी।

এ প্রদেশের নদ-নদীর মধ্যে গঙ্গা ও বমুনা-ই রহৎ।
আর আর যে সকল, তাহা ইহারই উপনদী, এবং
তথ্যগ্যে অদেকগুলি নাব্য নহে।

গড়ওরালের ছানীয় রতান্ত না জানিলে গলাও

য়মুনার উদ্ভব-বিবরণ সবিশেষ ছানুগত ছর না, সুতরাৎ
উহাদের উদ্ভব-বিবরণ-প্রসন্ধানি প্রথমতঃ গড়ওয়ালের বিষয় কিঞিৎ লেখা ঘাইতেছে।

এ প্রদেশের পশ্চিমেন্ত্র কোণে "গড়ওরাল" নামে একটি পার্ক্তির প্রদেশ আছে; তাহার উত্তরে হিমাচল, যাহার অপর দিকু ছইতে তিব্বং রাজ্যের প্রারম্ভ ; পূর্কেদিকে কমায়ুঁ বিভাগ; দক্ষিণে মিরঠ বিভাগস্থ ছেরাদূন ও পঞ্জাব প্রদেশাধীন স্থান; এবং পশ্চিমে শতদ্র-নদী, যাহার অপর তীরে পঞ্জাবভুক্ত পার্কত্য প্রদেশ।

গড় ওয়ালের পূর্ব্ব-দক্ষিণাংশ ব্রিটিশ-রাজাগীন, এবং পশ্চিমোত্তরাংশ এক আন্তিত রাজার অধীন। ব্রিটিশ গড় ওয়ালের প্রধান ছান 'জীনগর"; উহা ক্যার্কু বিভাগের প্রধান নগর অলমোড়ার বায়ুকোণে ৫০ ক্রোশ দূরে অলকনন্দার বামতীরে সংছিত। এবং স্বাধীন গড় ওয়ালের রাজ্যালী ''টেরী"; উহা জীলগ্রের পশ্চিমে, কিঞ্জিং উত্তরাংশে ২২ ক্রোশ দূরে ভাগিরখীর বামতীরে সংস্থিত।

टिंतीत शूर्विमित्क किन्छ किश्चिर উ**उ**त्रशिश्च 86 क्रोम वावश्चि, धवश **क्र**ीनगरतत त्रेमामरकारण 80 ক্রোশ ব্যবহিত "বিষ্ণুপ্রহাগ" * নামে একথানি প্রাম कारक, তाहांत ১৮ ক्लान উত্তর "वजीमाथ" 1 এবং वाष्ट्रकारण ७५ एकांन मृद्र 'क्लांत्रनाथ' । क्लांत्रनाथ ও বদ্রীশাথ উভয়ই আর্যাদিশের মহাতীর্থ।

क्षित्र मार्थित मिन्त्र • এक शर्या छ- गृह्म श्रे छिष्ठ : উহার প্রতিমূর্ত্তি নহিষের নিতমাকার, এবং উহার মন্দিরের সল্লিহিত ''রেতকুণ্ড,'' 'বিফাকুণ্ড'' এবং "স্থাকুও" প্রভৃতি কতিপয় কুও আছে; বৈদেশিক যাত্রীরা ঐ সকল কুণ্ডে স্নামতর্পণ করে! কেদারনাথের ৬ কোশ উত্তরে 'হিমলিদেশর' নামে একটি শিব-লিম্প এক মন্দির-মধ্যে স্থাপিত আছে, এবং তাহার তারবিহিত উত্তর হইতে "ধবল-গিরির" প্রারম্ভ।

वजीमारथत मस्मित अक मूत्रमा अधित मर्था विक्षा

^{*} गड़ खतारन नी ठिंड अताग जाटक, यथा-"विक अतान" ''ন্দ্পায়াগ'' 'কৰ্মায়াগ'' 'কুল্ঞায়াগ'' এব 'লেব-প্রয়াগ''। এই সকল প্রয়াগ ''পকপ্রয়াগ'' বলিয়া বিখ্যাত, खरः आधानिरगत जीर्थ-यरशा शतिश्रहीछ।

क्त वाहीमाध्यक किए किए "वाहीमाहात्रम" ७ "महमाहाहम" ও বলে। গড়ওয়ালের যে বিভাগে বজীনাথের মন্দির প্রতি-किंठ, रनरे रिकाम दिया "रिक" এবং "महत्रकी" मनी आंडा-আড়ি প্রবাহিত হইতেছে। বিফুও সর্থতী এই উত্র প্রদেশ शाहीनकारम " रमहिकाश्यम " रमिया दिशा ।

[‡] श्नीत लादक देशांदक "विकृशहा" वरम !

নদীর দক্ষিণতীরে প্রতিষ্ঠিত; প্র প্রান্তরের পূর্বর পানিচম ছই দিকে ছইটি উক্ত-শৃক্ষ পর্কাত, বিষ্ণু দানী ছইতে ঠিক যেন সমদ্রে একটি দক্ষিণু পাঁশে একটি বামপাশে সংস্থিত। এবং উত্তর দিকের দ্রবর্ত্তি পর্কাত ছইতে বিষ্ণু নদী নিঃস্ত ছইরা, মন্দ মন্দ্র গতিতে বন্দ্রীনাপের মন্দিরের নিক্ট দিরা, দক্ষিণাভিমুখে প্রবাহিত ছইয়া বিষ্ণু প্রয়াণে ধোলী নদীর সাহত মিলিত ছইয়াছে! বন্দ্রীনাথের প্রতিমূর্তি চতুর্তুজ, তাহার বাম দিকে লক্ষ্মী ও অর্জু নের মূর্তি যথাক্রমে স্থাপিত আছে। প্রথিত এই যে, এই থানেই মছর্বি বেদব্যাসের প্রধান আশ্রম ছিল।

বিষ্ণুপ্রাণের দ্বলানকোণে অন্যূল ৩০। ৩৫ কোল ব্যাহত "লীতিঘাটা" নামে একথালি প্রাম্ন আছে, উহা, কমার্যুঁ ছইতে তিব্বং রাজ্যে যাওরার বে পথ, তাহার ধারে সংস্থিত। অপর ঐ প্রামের অগ্নিকোণে কিঞ্জিং ব্যাহত হিমাচল হইতে "হোলী" নামে একটি মদী নির্গত হইয়া প্রথমতঃ দক্ষিণাভিমুখে তংপরে দক্ষিণ-পশ্চিমাভিমুখে, এবং পরিশেষে পশ্চিমোভরাভিমুখে প্রবাহিত হইরাছে। বিষ্ণুপ্রয়াণ একথানি ক্ষুপ্রাম, অভ্যাপ লোকের বসভি, সক্ষ-সমীপে সংস্থিত, উহার প্রাক্ষতিক শোভা অভীব মলোহর, ছুইটি দলীর মিলিভধার ঐ ছানে এরপ বেগে প্রবাহিত হইতেছে, ব্যেং হয়, ভূণগাছা উহার পড়িলেও হেল খণ্ড থণ্ড

हरेशा गांग । अपनेत विक अन्तां हरेए के मिनिफ्धांत ''অলক্নন্দা'' নাম ধারণ করত দক্ষিণাভিমুখে আদক্ষোশ जगणानसुत त्यांचीगर्छत । निक्र वाहरम। "त्यांची-मठे" कमागुँद जल्लीज अक्शीम श्रीत्र भाग, जलकममाद বাম তীরে এবং নীতিঘাটীর পথের ধারে সংস্থিত, উহার পতনোম্থ প্রস্তরনয় গৃহওলি স্থানের প্রাচীন-द्वित अमाजम हिन्द्र, के शांत अत्मक खना मिनत आहर, ख्यार्था नत्रिश्र, पूर्वा, विक्ष, अवर शर्वरमंत्र गम्मित्रहे অপেকারত প্রসিদ্ধ। জোধীমঠ হইতে অলকনন্দ্র किश्विद शक्तिय-वाहिमी, किन्तु मायानाजः मिक्न-বাহিনী ১২ ক্রোশ ভ্রমণানম্ভর, বামতীর হইতে "নন্দ-शका" नारम अकृष्टि छेर्नानी अहन करत, क्षे मह्मम "नम-ध्यशांग" বলিয়া বিখাতি, এবং নন্প্রাণ ছইতে দক্ষিণ शंकिमार्डिम्ट्य ১० ब्लांग समन कतित्व, बामजीत निश् "পিণ্ডার" উহায় মিলিত হয়, ঐ স্থানকে "কর্প্রয়াগ" वरल। कर्भश्रांश अनगरतत शूर्वनितक, किछ किछिद উত্তরাংশে প্রায় ১৯।২০ কোশ ব্যবহিত। ত । পর

^{*} প্রথিত আছে, গড়ওরালের ক্সনিক জ্যোতিবী তাদ্ধণ এই
স্থানে নর্রসিংহের একটি দুর্তি স্থাপন করাতে, ইহার নাম
"ক্যোতিবীমঠ," অপাত্রহেশ জ্যোপীমঠ হর ৷ অপর স্থানীয়
স্বানিরা চারিটি ঘঠে বালোহেবেংশ আপন আপন পরিচর দিরা
থাকে, যথা—"জ্যোপীমঠ," "পাকীমঠ," "অধিমঠ," এবং
"নানক্ষ্ঠ," কিন্তু ইহার মধ্যে "ক্যোপীমঠ" এবং "অথিমঠ" ই
অপেক্ষ্কত প্রস্থিত

অসকসন্দা পশ্চিমবাহিনী ছইরা ১২ জোণ ব্যবধানে দক্ষিণতার ছইতে 'মন্দাফিনী'' নামে একটি উপনদী গ্রহণ করে, ঐ সঙ্গম ''কক্সপ্রবাধ'' বলিরা প্রসিদ্ধ।

ममाकिमी क्षांत्रत धमिक्त हिमाजित हिम-मश्हि इहेरक मि: एउ इहेग्री, मिन्नि जियूर्य २०। २५ ক্রোণ অমণান্তর, কন্তপ্রাণে অলক্ষ্মার সহিত মিলিও হয়। ইহার উপর "অগন্তামুদি" এবং "অধিষঠ" नारम पुरेशांनि श्रीनिष्ठ शांन चारह। क्याशारणत ६ क्लांन डेखरत मसाकिनीत वामजीरत अध्यामनि সংস্থিত, ঐ ছানে অগন্তামূনির প্রতিবৃত্তি-সহিত একটি मिन बारक, अधिक अहे या, के शारनके बगलामृनित আঅন ছিল। অগতামুদির ৮ ক্রোশ উত্তরে মন্দাকি-मीत वांगजीत "अथिमरे" मश्क्रिज, अथिमर्ठ अरमक मस्मित्र আছে এবং অদেক পর্য इংস বাস করে। অখিমঠের এক ক্রোশ লীচে মন্দাকিনীর সভিত "शोजानगन्ना" मिलिङ हहेशाएह। के मन्द्रमत (मङ् কোশ উপরে পাতালগলার বামতীরে "গুগুরালী" मश्चित, खश्कांनीरवंध कांनीत गठ जासक निव्यक्तिक কাপিত আছে।

জপর কক্সপ্ররাগ ছইতে অনক্ষনা দক্ষিণ-পশ্চিমা-ভিমুপে ১১ ক্রোশ ভ্রমণ করিয়া জ্ঞীনগরে আইসে, এবং জ্ঞীনগর ছইতে প্রথমতঃ ৫ ক্রোশ পশ্চিমাভিমুখে, তৎ-পরে ৮ ক্রোশ দক্ষিণাভিমুখে প্রবাহিত ছইলে, দক্ষিণ ভীর দিয়া "ভাগীরথী" উহার দিলিত হয়। ঐ সঙ্গদের নাম 'দেবপ্ররাগ' এবং ঐ প্রাগই পঞ্পরাগের মধ্যে প্রধান প্রাগ্য বিলয় পরিগণিত।

ও দিকে "ভাগীরখী" ● হিমাদ্রির আভান্তরিক হিমানী হইতে নিঃস্ত ছইয়া গলোভরীর সমিহিত পরিদৃত্ত হয়। "গলোভরী" অনাম-খ্যাত একটি মন্দির, গড়এয়াল প্রদেশে "ভাগীরখীর" দক্ষিণ তীরে সংস্থিত, এবং উছার প্রভব হইতে পন্চিমে ৬ ফ্রোশ, কেদারের উত্তরে, কিনিং পন্চিমাংশে ১৬ ফ্রোশ, এবং জ্ঞীনগরের উত্তরে কিঞ্জিং পন্চিমাংশে অস্থান ৭০ ফ্রোশ ব্যবহিত। প্রমাদ্রের গলা এবং ভাগীরখীর প্রতিমৃতি ছাপিত আছে, এবং উহার সম্লিকট ব্রহ্মকুণ্ড, বিঞ্কুত্র প্রভাতি কতিপর কুণ্ড আছে। অপর যে শৈল-

^{*} আধুনিক ভূগোল-বেতারা একটি বিশালভ্রমে পতিত ছই-রাছেন, তাঁহারা "ভাগীরপী" নামে গঙ্গার একটি শাখানদী কপেনা করিয়া, মুর্পিনাবাদের অবঃপ্রবাহিতা নদীটিকে ঐ নামে দাখানদী কপেনা করিয়া, মুর্পিনাবাদের অবঃপ্রবাহিতা নদীটিক ঐ নামে দাখানদী নাই, মুর্পিনাবাদের অবঃপ্রবাহিতা নদীটিই গঙ্গার মুখ্যপ্রবাহ, তবে যে উহাকে "ভাগীরপী" বলে, ভাহার কাষণ এই মে, গঙ্গালারপতঃ "ভাগীরপী" নামেও অভিহিত । অপর বোরালীয়ার বিচ দিরা যে নদীটি প্রবাহিত, এবং যাহাকে উল্লিখিত ভূগোল-বেভারা গঙ্গা মনে করেন, বাত্তবিক ভাষা নয়, সেটি 'পথাই' নামে গঙ্গার একটি শাখা নদী, এবং ভাহার ক্লিপ্রেই দুরু ক্লিণ দিরা ''মহানন্দা" নামে আর একটি শাখাননী নামিত ভূইরা, একংশ উডর নদীর যিলিত হারা, একংশ উডর নদীর যিলিত হারা, একংশ উডর নদীর যিলিত হার প্যানামেই বিশ্যাত।

विमांत हहेट जांगीतथी के चारम विगालिमास मिर्गड इटेट्डिए, छाटा गांछीत मुचाक्रिक मन्न, उक्कनाहे বোদ হয়, বাহারা ভাগীরথী এবং গলাতে কোল ভিন্ন-ভাব করে না, ভাছারা গছাকে "গোমুখী" বলিয়া থাকে। গলোভরীতে বাদোপবোগী স্থানাভাবে অতাল্প খাত্ৰী তথায় যায়, এবং তথাকার জল অভিশয পবিত্র বলিয়া, প্রত্যাগ্যম কালে ভাষারা কাচকুপীতে कतिता जल लहेश कांडरमा

गत्मां बडी बहेरज जांशीतथी शिक्ट्यां जब-वाहिनी ৫ জোণ ভ্রমণ করিয়া তৈরব ছাটে আসিলে, দক্ষিণভীর निया "जोक्ती" • উছায় मिलिङ हयु. के छोटन समिथिक উচ্চতাৰণত: ছুইটি নদী এরপ বেগে প্রবাহিত ছইয়া মিলিত হইভেছে যে, তদ্ধে দর্শির মনে একটি আক-শ্রিক অনিবার্যা শহার উদয় হয়। অতঃপর ভাগীরথী প্রথমতঃ কতকদুর পশ্চিমাভিমুখে এবং তৎপরে দক্ষিণ-প্ৰিচমাভিমুখে ১০ ক্রোল অম্পান্তর "সুখীর" নিকট আসিয়া, প্রকৃত হিমালয় হইতে বহির্গত হয়। "সুখী" शाशीन गंड अर्थात्मत अरु श्रीत शाम. जांशीतथीत मक्तिन-তীরে সংস্থিত। সুধী হইতে ভাগীরধী অত্যন্ত বক্ত-

^{*} गड्डबारमद आव मकन जीर्थर मार्किनक उक्ति वाम তের, জাক্রীর প্রতি ভাষাদিশের এতাদৃশী ভক্তি বে, ''মরণং राक्षतील हो" अहे बाक्यार महि लाक्षामित्रात महसा मासात्र गलः গ্ৰহলিত, কিন্তু বোধ হয়, এতদু বি ''গঙ্গাতট''ই জ্ঞাপ্য, কেন্দা জিং স্মান্তঃ 'জাজ্বী'' নামেও আখাতে।

ভাবে কিন্তু সামান্যত: प्रक्रिशे ভिমুখে ৩৫ জোন এমণ कतियां मूत्राचेत्र निकंके आहिएम, এবং छथा इहेटक ७ জ्यान रावशास 'जनकृत' मार्ग अकृष्ठि छेन्नम शहर कतियां, के जकरमत 8 क्लाम बीट्ट "(हेती" मिक्टिक "ভিলদ" কর্ত্তক স্বিলিভ হয়। "টেরী" স্বাধীন गड इहारलत तांक्यांनी, जांगीतथीत वांगजीरत मध्यिक. ख्या धीर्मान बदः कुई यथमानाना, नशनांकर्यक नटका টেরী হইতে ভাগীরথী দক্ষিণ-পূর্বাভিমুখে ২২ ক্রোশ লমণ করিয়া দেবপ্রয়াণে অলকননার সৃষ্ঠিত মিলিড इत, के दार्म लागीतथी डेखन मिक इहेटल महतरम. धवः अनकमना शुक्तिक रहेर्ड यम यस गडिरड, धक्रश কৌশলে মিলিত ছইয়াছে, তাহাতে বোধ হয় দেবপ্র-রাগ ঠিক যেন এক সমকোণের উপর সংস্থিত। দেব-প্রাণ অভিশয় মনোর্মা ছান, এবং গড়ওয়ালের অনাানা ভীথাপেকা অধিক লোকালয়, के शास बाकि-निक उ चान वार्शकाइ क विक, এবং य जकत मिन्न कारक, जनारवा तामहत्यात मन्त्रिके धातिक, छेका क ताब-চন্দ্রের একটি প্রতিদূর্ত্তি প্রায় ৪ ছাত উচ্চ, এবং তাছার जना तथ शक्र फुत बुर्खि श्रांशिक श्रांदि।

আনন্তর দেবপ্ররাগ ছইতে ভাগীরখী এবং অনকনন্দার মিলিত ধার "গালা" নাম ধারণ করিয়া দক্ষিণাতিমূথে ৫ ক্রোশ অন্থানন্তর "নরর" নামে একটি রহুৎ উপনদ গ্রহণ করে, ঐ সঙ্গম "ব্যাস ঘাট" বলিয়া প্রসিদ্ধ। অতঃ পর গলা বক্রভাবে কিন্তু সামান্যতঃ পাঞ্চনবাহিনী इहेशा, १२ क्रांन जम्मानसुत "क्वीरकरन" कामिशा পার্মত্য প্রদেশ পরিত্যাগ পর্মক প্রকৃত প্রান্তরে পতিত হ্র, এবং তথা হইতে দক্ষিণাভিমুখে কতক দূর প্রবাহিত इहेशां. सुमेंशा नमत्क शहन कत्रक, स्तिषादात निक्छे आहेरम। "इतिहात" याहात आत अकृषि नाम "शका-ছার," সহারণপরের ঈশানকোণে ১৮ জোশ ব্যবহিত शकात मक्तिने कीरत अवश मियां मिक ध्राप्तरण मशक्ति। के जारन मांश्याकांत कशिल मनित जालम किल, এवर के স্থান সপ্ত প্রীর মধ্যে প্রিগ্ছীত ছওয়ায়, আ্যাদিশের अकृति महाजीर्थ। शक्रांत त्य मक्न शांवे व्याटक, जनात्या "কুশারতের ঘাট" অতিশয় প্রসিদ্ধ, ঐথানে বৈদেশিক যাত্রিরা পিতৃতর্পণ এবং পিগুদান করে। প্রতিবৎসর रेठजभारम इतिषांदत अकृष्टि त्मला इस, छाइटिंड कारमक लांक ममरदे इस, अवर बान्स दर्वत शंत महा ममा-রোহে যে মেলাটি হয়, এবং যাহাকে কুস্তের মেলা * বলে, তাহাতে দুরাদুরের অনেক যাত্রী, নানাবিধ পণ্যা-জীব ও সুসন্ধানী বটাবীক এবং এদ্বিভেদক একত্রিত ছয়: এমন কি, কখন কখন ২০। ২২ লক্ষ লোক স্থাগত इया इतिकारतत कामरकान मिक्करन, शकात मिक्कन-जीरत "मात्राश्वत" मार्च अकृष्टि चान आह. & शास দক্ষরাজার রাজধানী কীর্ত্তিত হইয়া থাকে। একণে তথার

শ্বাদশ বর্ষের পর কুম্বরাশিতে রহুম্পতির স্কার হওয়ায় রহুম্পতি এবং পুর্যোর মিলনোপলকে এই মেলাটি হইয়। থাকে ।

কেবল মারা দেবী (পীঠবিশেষ) এবং উভরবের প্রতিমূর্ত্তি ছাপিত আছে। মারাপ্রের আদক্রোশ দক্ষিণে "কঞ্বল", কঞ্চল প্রায় একটি উপলগরের মত লোকালর, এবং আর্থানিদের একটিতীর্থ, প্রথানে বৈদেশিক মাত্রিদিগের দর্শনীর দক্ষেশ্বর শিবলিক এবং সতীকুগু অপেকারুত প্রশিদ্ধা অপর ছরিছার, মারাপুর এবং কঞ্চলের সম্প্রথাকা ছুইটি উপদ্বীপদ্বারা তিনটি প্রণানীতে বিভক্ত ছইমা, আবার কতকদ্র পরে একধারেই মিলিত ছইন্যাছে। উছার অপরতীরে একটি ক্ষুত্ত পর্যবত আছে, তাছাকে "চন্ডীর পাছাড়" বলে, বস্তুতঃ সেটি শিবালিকর প্রকলেশিক, তাছার অধিত্যনায় এক মন্দির মধ্যে "চন্ডীর" এক ধানি প্রতিমূর্ত্তি অন্ধিত আছে।

কথুলহইতে গলা প্রথমত: দক্ষিণাভিমুখে এবং তৎপরে দক্ষিণ-পূর্কাভিমুখে প্রবাহিত হইয়া, বিজনের এবং বিরঠের জেলা নিরা কুনোভিরেক ৯০ ক্রোণ অমণানন্তর অনুপাশহরে আইসে। 'অনুপাশহর' বালালা প্রদেশছুলালা বারুর অধিকার-ভুক্ত, বলন্দ শহরের অন্তর্গত একটি তহুদীল, গলার দক্ষিণভীরে সংস্থিত, ঐ ছানে গলা পূর্কবাহিনী, উহার দক্ষিণ পাশ্বে অনুপাশহর এবং উত্তর পাশ্বে একটি প্রশক্ত পুলিন ।

আমি ১৮৬৫ শৃঃ কজে সেকেজারাও হইতে মুরাদাবাদ ঘাইতে অনুপশহর দিয়া গিয়াছিলাম, আবার ১৮৬৭ শৃঃ অজে মুরাদাবাদ হইতে আলিগতে আসিবারকালে, ঐ পথেই আসি-রাছি, স্তরাং ছুইবার আমাকে ঐ পুলিন দিয়া গভারাত

অত্;পর গলা পূর্ববাছিনী অন্ন ৬০ ক্রোশ অমণাদন্তর করে থিবিদের জেলার প্রাচীন কর্মেজ নগরের
আড়পারে "রামগল্প" নামে একটি রহুৎ উপনদীকে
প্রহণ করে, এবং ঐ স্থানের ডিন জোশ নীচে দক্ষিণভীর দিয়া কালীনলী ও শেষোক্ত সঙ্গমের ১৫ ক্রোশ
নীচে "ঈশান" নদ মথাক্রমে উহার মিলিড হইলে,
ঈশান সন্ধম হইতে গলা স্থানিতিরেক ১২৫ কোশ
অমণানন্তর এলেহাবাদে আইসে, এবং তথার দক্ষিণভীর
হইতে 'যমুনাকে" গ্রহণ করিরা যথাক্রমে মির্জাপুর,

করিতে হইরাছে। পুলিনটি অভিশয় বিশুটি, উহাতে উদীর, কাশ এবং মধ্যে মধ্যে ছুই একটি বাবলা বৃক্ষ ভিন্ন, আর কিছুই দৃষ্টিগোচর হয় না। অপর অনুপশহরের অনুরবটি প্রপার হইতে ৫ জোশ ব্যব্ছিড গাঁওয়ানামে একখানি কুল लाम आहर, के कारन उन्हें পश्किलाय आहर, उदारक লোকালয় দেখিয়া আণাভতঃ প্রকৃত তীরবৃত্তি বোধ হইতে পারে, কিন্তু অভিনিবেশের সহিত দেখিলে, তাহার বিপ্রায়ই বোধ ষ্ম। ঐ প্রামের ১৬ ক্রোণ উত্তর "সম্ভল" নামে এক বিশ্বং-শিতপ্রায় প্রাচীন নগর আছে, সেই নগরটি প্রকৃত তীরবর্তী। যে ছেতু গাঁওয়া ছইতে সেই নগর পর্যান্ত যে একটি প্রশস্ত প্রান্তর আছে, তাহার মৃতিকা কেবল পলি-শুর, সুতরাং তাহাতে বদিও क्रांटन क्रांटन अटनक इक धवर लाकांनर मुठे क्रा, किन्न क्षाचीन বলিলা কিছুই আছা হল নাঃ প্রাচীন বত চিক্ষ ভাহা সেই সকলে গেলেই লক্ষিত হয়, বিশেষতঃ ইছাও বিবেচনার স্থল যে, সম্ভদ পৃথ ী-রাজের রাজধানী ছিল। ভংকালিক লোকের গলার প্রতি মাদৃণী ভক্তি, ভাষাতে পৃথীবাজ গলার অব্যবহিত তীর ভিল, कथम अक्रमकात में २३ किन नारधारम मधेत कार्यम নাই, সতএব গলাবে কোন কালে সম্ভলের অধঃপ্রবাহিতা ছিল, उर्भारक अग्राह्म मार्च, क्रकार काल महकादा प्रक्रिश দিকে ক্রমশঃ ভাঙ্গিতে ভাঙ্গিতে অমুপণ্ডরের নিকট আছি-तारहः अदर वेसद मिक् लेनिखद रखवांत्र (नाकानव स्रेवारहः

চুণার, বারাণদী এবং গাজীপুরের দিকট দিরা বাঙ্গলা অদৈশে প্রবাহিত হয়।

এ প্রদেশের যে করেকটি প্রাসিত্ব নগর এবং উপনগর গ্রন্থাতটে সংক্ষিত, তাহার অল্পত্রশ—হরিষার, কগ্বল, গড়মুক্তেশ্বর, অল্প-শহর, করে শোবাদ, কনৌজ, কাণপুর, এদেহাবাদ, যিজাপুর, চুশার বা চ্পাদগড়, বনারস এবং গাজীপুর।

" ययूना", देशंत्र आंत्र अकृष्टि मात्र कालिमी, স্বাধীন গড় এয়ালে গলোভরীর পশ্চিমে ৩৫ ক্রোশ ব্যবহিত "য়মুনোত্রী" অর্থাৎ কতিপয় কুদ্র কুদ্র পরী-बाह मश्रवारण आश्रावश्रव दहेशा, अध्यमकः मिल्गांकि-মুখে ৫ ক্রোশ ভ্রমণানন্তর "বিরাই গলাকে" এছণ করে, এবং তথা হইতে পশ্চিমাভিমুখে ৪ ক্রোশ প্রবা-ছিত ছইলে, "বদীর" দামে একটি উপদদ উছার মিলিত হয়, ঐ স্থান হইতে পুনরায় দক্ষিণাভিমুখে मिछ क्लांग खम् कतिहल "दमान", ख्था इहेरछ ৫ क्लिंग रावधारम "कमलम्र", এবং म्या क नक्रम इहेट ७ क्लाम वावधारम "तिक्ना" यथाक्रिक छेराव মিলিত হয়। অতঃপর ব্যুমা রিক্লা সম্ম হইতে ও ক্রোমের পর "খুতুদী"কে এবং তথা হইতে ৮ ক্রোনের পর 'অগ্লর"কে এছণ করত, ১০ ক্রোল জমণ করিলে "তুন্স" উহার মিলিভ হয়; য়য়ৢলার পার্কভা উপন্দ মধ্যে তুন্সই রহং। অপর, তুন্স मलग रहेट यगूमां ७ क्लिंग वावधारम "शिर्ति" नमीतक এছণ করত, কতক দূর অগণামন্তর রাজঘাটে আইদে

"রাজঘাট" দ্বেরাদ্দের অন্তর্গত এক পলি প্রান্ধান ছেরাদ্দের পশ্চিমে কিঞিৎ দক্ষিণাংশে ৭ ক্রোলা ব্যবহিত যুন্নার বানতীরে সংস্থিত। রাজঘাট হইতে কিঞিৎ ব্যবধানে অস্ন নদকে প্রহণ করিয়া, যুন্না বানলালা হালে প্রবিষ্ট হয়। বানলা দহালে প্রেরার সন্নিহিত যুন্নার বানতীর হইতে, দিল্লীর সম্রাট কিরোজ তুগ্লক ১০৫৬খুঃলব্দে একটি খাল খনন করাইয়া, মুজক্ষর নগরের অন্তর্গত ল্যানলী এবং নির্হের অন্তর্গত বাগপতের নিকট দিয়া, দিল্লীর সন্নিহিত যুন্নার সহিত সংযোগ করান. এবং ঐ থাল-নির্বাহের ওং ক্রোল লীচে বুড়িয়ার সন্নিহিত যুন্নার দক্ষিণতীর হইতে আলিম্পান শাঁ আর একটি থালের আরম্ভ করান, কিন্তু তাহা অসম্পূর্ণ থাকায়, ১৮১৭ গুঃলব্দে লছভিছিং স্থাহা খনন করাইয়া, পঞ্জাব প্রদেশাধীন কর্ণালের ফ্লো দিয়া, দিল্লীর নিকট মাতৃন্দাী যুন্নার সহিত সংযোগ করান।

অপর, যমুনা বানশামহাল হইতে ল্যুনাভিরেক ১০০ কোশ জমণ করিয়া দিলীর নিকট আইসে। "দিলী" যমুমার দিলণভারে সংছিত, ঐ ছানে মমুনা পুর্কোভর হইতে আসিয়া, কতক দূর পর্যান্ত দিলণ-বাহিনী হইনাছে, উহার পশ্চিম পার্শে দিল্লী, এবং পুর্বে পার্শে একটি পুলিন। ঐ পুলিন হইতে যমুনা যে দিকু হইতে আসিতেছে, সেই দিকে একবার দৃষ্টিপাত করিলে, ধূ ধূ করে, এবং দিলীর দিকে যখন অবলোকন করা যায়, রখন উহার প্রাচীন স্মৃদ্ লোহিভাশ্য-ছুর্ব, উন্নত

প্রাকার, প্রশন্ত গোপুর এবং উত্তর দিকস্থ অরণ্যবং বিশ্বংসিত বিজন নগর (যে স্থান মুধিষ্ঠিরদিশের ক্রীড়া-স্থান বলিয়া এখনো কীর্ত্তিত হইয়া থাকে) এককালে সমুদ্য ঐতিহাসিক কথা অরণ করিয়া দেয়। তথন নানা প্রকার চিত্তার পর একটি ঔদাস্য জন্মে, এবং সাংসারিক পদার্থে হেয় জ্ঞান হয়।

অতঃপর ব্যুনা দক্ষিণ-পূর্কাভিমুপে প্রবাহিত ছইয়া ব্রুলাবন এবং মথুরার সদ্ধিনা দিরা, আগরার নিকট আইনে, ও তথা ছইতে পূর্কাভিমুপে পরিজ্ঞাণ করত, এলেছাবাদের নিকট গলার সহিত মিলিত ছর, এবং দিলী ছইতে এলেছাবাদ পর্যন্ত যে ব্যবধান, তাছার মধ্যে "হিন্দ্দ," "চনুবল" "বেডেয়া" এবং "কেন" প্রভৃতি কতিপয় উপানীকৈ প্রহণ করে।

যন্না-তটে বে সকল প্রাসিদ্ধ নগর এবং উপানগর সংস্থিত, তাহার অনুক্রম—দিল্লী, কুন্দাবন, মপুরা, গোকুল, আংগরা, এটা ওয়া, কাপ্দী, হুমী রপুর এবং এলেহাবাদ।

"রামাঞ্য"—কৰাষ্ট্ পর্বত ছইতে দির্মাত ছইয়া
প্রথমতঃ পশ্চিম-লক্ষণাতিমুখে, তৎপরে কিঞ্জিৎ উত্তর
ও উত্তর-পশ্চিমাতিমুখে, এবং পরিশেষে দক্ষিণাতিমুখে
কিন্তু সাগান্যতঃ দক্ষিণ-পূর্ব্বাতিমুখে প্রবাহিত ছইয়া,
মুরালাবাদের সন্ধিনা দিয়া, বলাষ্ট্র জেলার আলাপুরের অনতিদ্রে বামতীর ছইতে "কোমলা।" দলীকে
প্রহণ করে, এবং তথা ছইতে অঘোষ্যা-প্রদেশে প্রবিষ্ট
ছইয়া, বেল প্রাথের সন্ধিহিত "গর্মা" দলকে প্রছণ করত,

ফরে পাবাদের জেলায় প্রাচীন কর্নে জি নগরের অপর তীর দিয়া, গরায় মিলিত হয়।

"কৌশল্যা"— অলমোড়ার উত্তরে কমার্ পর্বত ছইতে নির্গত ছইয়া, প্রথমতঃ দক্ষিণাভিমুখে, তংপরে পালিমাভিমুখে এবং প্রনায় দক্ষিণাভিমুখে প্রথাছিত ছইয়া, মুরালাবানের অন্তর্গত কাশীপুরের কিঞ্জিং বাব-ছিত পূর্বানিক নিয়া, রামপুরে আইসে। "রামপুর' ঘাটীন রামপুর রাজ্যের রাজ্যার বাবার করেন। রামপুর ছইতে কোশলা। দক্ষিণাভিমুখে প্রাহিত ছইয়া, "জুয়া" এবং "সকরা"কে প্রহণ করত, বদায়ুঁ জেলায় আলাপুরের পূর্বানিকে তিম ক্রোশ ব্যবহিত, রামগলায় নিলিত ছয়।

''জুর'' এবং 'প্রকর'' এই চুইটি কুদ্র নদী দৈনীতালের পশ্চিনে হিমালর হইতে নির্গত হইরা, দকিণাভিত্ত অমণ করত, বরেলীর নিকট দিয়া, কৌশল্যার সহিত মিলিত হয় !

"গার্র।"—কমামূঁ পর্বত হইতে দক্ষিণাভিমুথে প্রবা-হিত হইরা পিলিভীত এবং শার্জাছাপুরের নিকট দিয়া, অযোধ্যা প্রদেশে বেল মানের সন্ধিছিত রামগঙ্গার নিলিত হয়।

"কালীন্দী"—মুজফুকর নগরের অন্তর্বত থতে লী পরগণায় নিবালিক পর্বত হইতে দির্বত হইয়া, মিরঠ, বলদশহর, আদিগড়, এটা এবং বৈদপুরীর জেলা দিয়া প্রাচীন কলে জ নগরের ভিন ক্রোণ নীচে গ্রায় মিলিত হয়।

"গোমতী"—শাজাঁহাপুরের অন্তর্গত এক হ্রদ হইতে বিনিগত হইরা, অযোধ্যা প্রদেশে প্রবেশ করত, লক্ষণে এবং স্লভাদ-পুরের সন্তিধান দিয়া, জেনপুর জেলার গন্ধার সহিত মিলিত হয়।

"ঘ্র্র" (সামান্তত: থাগরা এবং ছান-বিশেষে সর্যু)
দেপালের পশ্চিদে ছিমাচল ছইতে নিংকত ছইরা, প্রথমত: দক্ষিণাভিমুখে তৎপরে পূর্ব্বাভিমুখে প্রবাহিত
ছইরা অষোধা প্রদেশে খেড়াগড়, বহেরাম ঘাট, কৈজাবাদ এবং প্রাচীন অষোধা নগরীর নিকট দিরা, উত্তরপশ্চিমাঞ্চলে প্রবিক্ত ছর, এবং আজম্গড় ও গোরথপ্রের সীনা বিভাগ করত, গাজীপুরের অন্তর্গত বিঞ্পুরের সমিহিত গঙ্গায় মিলিত ছর। গঙ্গার উপনদীমধ্যে ঘর্ণরই রছৎ।

''শোণ' বা ''শোণভদু'— নাজনপ্রের উত্তরে স্থানাতিরেক ৫০ জোশ ব্যবহিত বেল্ছারির শ্রিছিত বিদ্ধ্যাচন হটতে নি: ফত হইয়া, পূর্ব্বভিমুখে মির্জাপুরের সীমা দিয়া, বাঙ্গনা প্রদেশাধীন দানাপুরের জনভিদ্রে গঙ্গায় মিলিত হয়, ইছার বালুকা-শ্যায় কোন দ্রব্য কিছুদিন পর্যাস্ত পড়িয়া থাকিলে প্রভ্রে গরিণ্ড হয়।

"হিন্দন" — শিবালিক পর্বত হইতে নির্বত হইয়া প্রায় ৮০ ক্রোশ ভ্রণানন্তর, ম্রিঠের জেলার যুমুনার সহিত শিলিত হয়। "চম্বল" মালব রাজ্যে বিদ্ধাচল হইতে নির্বত হইরা, প্রথমতঃ পন্চিমোতরাতিমুগে ইন্দর এবং বিশ্বংসিত অবন্তী নগরীর স্থানতিমূর দিয়া, আপ্রিত কোটা রাজ্যের রাজ্যানীর নিকট আইনে, এবং তথা হইতে পুর্বোত্তর-বাহিনী ও পরিশেষে গৌলপুরের কিঞ্জিৎ ব্যবহানে পূর্ববাহিনী হইয়া, এটাওয়ার ২০ ক্রোন নীতে যমুনায় মিলিত হয়, ইহার উপনদীন্মধ্যে কালিসিক্লই বৃহৎ।

কালিসিদ্ধ অবজীর অগ্নিকোশে কিঞ্ছিং ব্যবহিত বিদ্ধাচন হইতে নিৰ্গত হইয়া, রাজপুতানার ইন্দ্রগড়ের অনতিদুরে চম্বলে মিলিত হয়!

"বেতোরা"—(বেতাবতীর অপত্রংশ)—ছুপাল রাজে বিদ্যাচল হইতে দির্নত হইয়া, হ্মীরপুরের সমিহিত ব্যুমায় মিলিত হয়।

"কেন"— নাজনপুর জেলায় বেল্ছারির পশ্চিমে বিদ্যাচল হইতে নি:স্ত হইরা, প্রথমতঃ উত্তরাতিমুধে তৎপরে পশ্চিমাভিমুখে এবং পরিশেষে পুনরায় উত্তরা-ভিমুখে প্রবাহিত হইয়া, বাঁদার জেলায় চিল্তারায় নিকট যমুনায় মিলিত হয়।

উত্তর পশ্চিম অঞ্লের ভূরতান্ত।

গন্ধার প্রধান খাল।

সভারণপরের অন্ত:পাতী ভরিদারের স্মিভিত গঙ্গা ছইতে একটি থাল খাত হইয়া, উহা মুজফ্ফর নগর, मित्रे अवर वलम्ब हत्त्र (जलां मित्रां, आं लिगर एत जास-र्जे नात्नी आत्मत निकट दूरें धिशानीत विख्क रहा। নানে আলিগতের পুরু দিকে ৭ কোশ ব্যবহিত গদার খালের বামপাথে সংস্থিত। অপর, নানে হইতে मिक्क मिरकत अवानी हि देमम् भूती अवर अमे अवात रक्ता-निया, जारनीत्मत असुर्गे काल्ली उलमगदत निकछ যমুনার সংযোজিত হয়। এবং বামদিকের প্রণালীটি रेमनभूती अ करत थि। वादम जाना मिश कानभूदतत সন্নিহিত গলায় সন্মিলিত হয়। আর একটি খাল, যাহা কভেগড়ের থাল বলিয়া আখ্যাত, মুজক্কর নগ-রের অন্তঃপাতী জোলী আনের নিকট ছইতে খাত হইয়া অনুপশহর পর্যন্ত আনীত হইয়াছে, অতঃপর ফরে থাবাদে গদার সহিত সংযোজিত হইবে। অপর এই ছুইটি খাল হইতে অনেক উপথাল খাত হওয়ায়, अ अदमरणत कृषिकार्षा अकरण विलक्षण वर्षमणील !

প্রাকৃতিক বিভাগ।

भार्क्रिडा थरनम, श्रिमालय थरनम, क्रेक्टमिक शक्ता-थरनम , अस्टर्तन १, क्रेक्टमिक यमूनाथरनम এवः शकाथरनम।

"পিকিত্য প্রদেশ"—কমার্ এবং গড়ওয়াল। "হিমালয় প্রদেশ"—তরাই, এবং দেরাদৃশ।

"ঐকলেশিক গল্পপ্রদেশ"—বিজনের, মুরালা-বাদ, বরেনী, শাক্তাহাপুর, এবং বদায়"।

"তান্তর্বেদ"—সহারণপুর, মুজক্ষর নগর, নিষঠ, বলন্দশহর, আলিগড়, এটা, বৈদপুরী, করে খিবিদ, মপুরা, আগরা, এটাওরা, কাণপুর, কতেপুর এবং এলেহবিদ।

"ঐকদেশিক ম্মুনা-প্রদেশ"—বাঁলা, ছমীরপুর, সাঁদী এবং অংশতঃ আগরা ও মধুরা।

"গঙ্গাপ্রাদেশ"—মির্জাপুর, ক্লেমিপুর, বনারস এবং গাজীপুর।

-0-

^{*} এই প্রদেশের কোন কোন ক্রি আই্যদিশের রাজত্বাবে নির্কাসিতের আশ্রম ছিল।

रै गंका अवर यम्नांत मधावर्णि व्हानटक अखदर्गन नटल, -अजकटन डेकाटक '(प्राशंवा'' नटल।

স্থানিক প্রকৃতি।

এপ্রনেশে চারিটি ঋতুর অনুভব হর,—যথা শীত, रम द, शीश এবং दर्श। कार्द्धिकत त्मन इहेट कान-গুনের প্রথম ভাগ পর্যান্ত শীত ঋতুর অবন্থিতি। এই ঋতৃতে হুরস্ত শীতের প্রাছ্তাবে স্থান-বিশেষে রাত্রি-কালে গৃহমধ্যে অগ্নিকুগু রাখিতে হয়, এবং সায়ং ও প্রাতঃকর্ম উঞ্জলে করিতে হয়। লপর, পেংবের শেষ ছইতে মাথের কতক দিন পর্যান্ত, দুর্কার উপর ज्यांत्र ममूनम पूर्वद विकिश मृष्ठे इस । कान्छ रमत শেষ হইতে বসন্ত-সমাগম কিঞিৎ কিঞিৎ অনুভূত হয়, কিন্তু উহার ছিতি অস্প্রকাল, হৈত্তের শেব হইতে मा इहेट के बार्गत मि: मिश्वि इहेशा यात्र। अत शत. আবিবের প্রথম ভাগ পর্যন্ত ভাপ-মুখ প্রীয়া ক্রমখঃ শরীর দহন করিতে থাকে। এই সময়ে আতপের প্রাথরো দিবাভাগের অধিকাংশ গৃহহার কদ্ধ রাখিতে रूत, এবং রাত্তিকালে প্রশস্ত অঙ্গদে, রাজপতে বা क्रांत्मत छेशत मधम कतिए इश, शृहमत्था महन कहा निভात कछेमांश। जनत, भूक्षाच इहेट अकथकांत्र শরীর-শোষক ভয়াবছ বায়ু বহিতে থাকে, ভাছাকে कामीय तारक "नृर्" रता। नृर-म्नृ हे वाकि अजाली कराई गाजास इस। अवश मामानाजः देवकारल वा কথন কথন নিশাবোগে একপ্রকার চক্রবাভ দারা

^{* &#}x27;'লুহ্'' রাজপুতানার প্রান্তর হইতে উংথিত হয়ঃ

গুলি-রাশি গগণমার্গে উন্থিত ছইয়া ভাসমান ঘনমে ঘের
মত দৃত্ত হয়, তাহাকে এ প্রদেশে "জাঁখি" বলে।
আাঁথি ছারা এক ঘন্টা বা দেডু ঘন্টা পর্যন্ত দিবা ভাগা
এককালে অন্ধ্রারম্ম হয়, অবশেষে আাঁধির ধুলিরাশি
হয়তো ক্রমে পতিত হইয়া, বহিংশয়ামদিগের
অদ্ধ-দামক হয়, মতুবা প্রবল বায়ু ছারা এরপ বেগে
সঞ্চালিত হইতে থাকে যে, তন্ত্রিমিত্ত কতক্ষণ পর্যন্ত
গৃহত্বার কন্ধ রাখিতে হয়। অভংপর প্রাবণের শেষ
হইতে বর্ষা শুতুর প্রারম্ভ। সে সম্বের্ ক্রিইনিত সান্ত্র্নাকর বটে, কিন্তু ভংগুর্কের এমন একটি নির্কাত উপছিত হয় যে, তন্ধারা প্রাণ একটিগত প্রায় হয়।

বসত্ত এবং গ্রীয় ঋতুতে প্রারশঃ পশ্চিম-বারু বছে, এবং শীত ও বর্বা ঋতুতে পূর্ব্ব-বারুর সহিত প্রারই মেঘের সঞ্চার হইরাথাকে। পূর্ব্ব-বায়ুকে নিতান্ত অম্বাস্থ্যকর বলিরা এ প্রদেশের লোকের হুরোধা।

তরাই, গোরথপুর, বাঁদা, হ্মীরপুর, নাঁদী, জালেমন, ললিতপুর, এবং আগরা, মথুরা ও অজমেরের কোন কোন স্থান ভিন্ন, এ প্রদেশের অন্যান্য প্রার সকল স্থানের জল-বায়ুই স্বাস্থ্যকর।

আধিভোতিক।

শীত ঋতুর শেষে এ প্রদেশের প্রায় সকল ছালেই উলকা পাত হইরাখাকে, বিশেষতঃ হিমালের ও পার্বিত্য প্রদেশে কথন কথন এত অধিক উন্কাপতি হয় যে, তদ্ভৌ, বোধ হয়, যেন হাওই ছুটিতেছে।

শাসন প্রণালী ও বাজস্ব।

এ প্রদেশ, একজন প্রতিনিধি শান্তা এবং তদধীন আটেজন ভারাণিত দচিব কর্তৃক অর্শাসিত ছইডেছে, প্রতি জেলার প্ররোজন মত চিহ্নিত এবং অচিহ্নিত কর্মচারী নির্ক্ত আছেল। এভদ্তির রাজগানীতে একটি উচ্চতম বিচারালয় আছে, তাছাতে কেবল পুনর্কিচার-প্রার্থনা গৃহীত হয়। বার্ধিক রাজস্ব প্রার পাঁচ কোটি; তাছা ভূমি, মাদক, স্ট্যাম্পা এবং অন্যান্য প্রকার শুন্ক হইতে সংগৃহীত হয়।

আর্থ্যবংশীয় শ্রেণী ভেদ।

"সন্নাত্য ত্রাহ্মণ"—ইহাঁরা এই প্রদেশোন্তর, ইহাঁ-দিগের সংখ্যা অধিক।

"সারস্বত ব্রেক্ষাণ"—ইহাঁর। হস্তিনা পুরের পশ্চিনোত্তর স্রস্বতী প্রদেশোত্তব, ইইাদিগের সংখ্যা অপেকারত অলপ।

"কান্যকুক্ত ব্রাহ্মণ"—ইহারা কলেভি নগরী এবং তংসনিহিত স্থানোন্তব, ইহালিগের সংখ্যাও অধিক। "পৌড়ীয় ব্রাহ্মণ"—ইহাঁদিগের পূর্ব্ব পুক্ষ প্রাচীদ
গৌড়রাজ্যের অধিবাসী, এপ্রদেশের প্রায় সকল
জেলাতেই ইহাঁদিগের বসতি এবং সংখ্যাও অধিক।
ইহাঁদিগের সমছে প্রবাদ এই যে, যৎকালে হস্তিনাপূরে রালা জনমেজ্য মহা সমারোহে অপ্রমোধানুষ্ঠান
করেন, ইহাঁদিগের পূর্ব্ব পুক্ষেরা সেই সমরে বলদেশ হইতে আহৃত হইয়া, তদববি এপ্রদেশে বাস
করিতে লাগিলেন, অভংগর এ প্রেণীর অবশিষ্ট যে
সকল ব্রাহ্মণ বল্পদেশে ছিলেন, তাঁহারা বলাধিপ
আদিশ্র এবং ভদীর রাজ্যী কর্নোজ-রাজ-ছুহিতা চক্ষাবভী কর্ত্বক অবজ্ঞাত হওয়ার, ভয়ান্তঃকরণে এপ্রদেশে
আদিয়া ছানে ছানে অবস্থিত হন।

"গুজরা ট্রী" বা "গুজরাতী ত্রাহ্মণ"—ইহাঁরা গুজরা ট্র হইতে আসিয়া, এ প্রদেশে বসতি করেন।

"কাশ্মীরী ত্রান্ধণ"—ইহাঁরা কাশ্মীর হইতে আসিয়া এ প্রদেশে অবস্থিত হন।

"চতুর্বেদী আক্ষণ" অপত্রংশেশ পেচাবে" বলিয়া বিখ্যাত, ইহাঁদিনের সংখ্যা অতি অপ্প, ইহাঁরা কেবল মধুরা এবং তৎস্ত্রিহিত স্থানেই বাস করেন এবং প্রায়ই সদক্ষর ও তীর্ধর্ক্তাবল্ধী।

"ছত্রী"—ইহাঁরা ক্ষত্রির কুলোন্তব, ইইাদিগের সহ-ব্রে প্রবাদ এই যে, যৎকালে পরশুরাম নিঃক্ষত্র করিতে দৃঢ়প্রতিজ্ঞ হইয়াছিলেন, ইইগুরা তথন পলায়িত হইয়া,

রূপাক্লতি।

ক শারি ও গুজরাষ্ট্রী তালাণ, ছত্রী, বাণিয়া এবং
মুসলমান ভিন্ন গোরবর্গ 'অভি বিরল। পুরুষ প্রায়শঃ
মধ্যমারুতি, মছিলাগণ সংগোলাকী এবং প্রমাণ-কায়া,
বিশেষতঃ পার্কত্য প্রদেশীয় কামিনীকুল সর্কাঙ্গীণ
সুস্বায়ী।

-0-

শারীরিক ও মানসিক শক্তি।

এ প্রদেশের লোক স্বভাবতঃ অভিশয় বলবান, কিন্তু ইহানিগের মনীযা-শক্তি তাদুশ প্রকৃতি-বিশিষ্টা নহে।

এটিও একটি প্রাকৃতিক নিরম পর্যাকোচনার ক্লে, যে জীব বে প্রিমাণে এক বিষয়ে ভূষিত ছয়, সে সেই পরিমাণে আন্দর্ বিষয় ছইতে বঞ্জিজ থাকে।

-0-

স্বভাব

কাষেত ভিল্ল আর্ঘাবংশীর অবশিক্ট প্রেণীর লোক সরল-মতি, কিন্তু ক্রোধী: মুসলমানেরা কুটিল-স্বভাব, অপবায়ী, ডোবামোদ-প্রিয় এবং সাহসী।

शर्या ।

আর্বাদিশের মধ্যে ইশব এবং ইবজবই অধিক, শাক্ত অপেক্ষাকত জল্প এবং ইজন ভদপেক্ষাও জল্প।

বৈজ্ঞবদিশের মধ্যে বল্লভাচারী এবং রামানকী ভিল্ল, অন্য কোন সাম্প্রভাগিক প্রায় দৃষ্ট হর নাঃ

মুসলমানদিতোর কোরাণ-প্রোক্ত ধর্ম। কোরাণের মূল স্থতে এই যে—

" ওয়াহিদু লাশরিকা লোভ । "

জর্থাং তিনি এক এবং অংশী বিছীন।
এতন্তির পারলোক সত্য, ঐশিক দৃত সত্য, তংএকাশিত পুত্তক সত্য এবং মছম্মন ঐশিক দৃত-শ্রেষ্ঠ,
এগুলিও কোরাপোক্ত।

অপর, মুসলমানেরা প্রধানতঃ তুই সম্প্রানায়ভুক্ত, যথা
"শিলা" এবং স্কি। ধর্মপ্রবর্ত্তক মহম্মদের চারি জন
বিপান-সহার বন্ধু ছিলেন, যথা আরুবেকর নিদ্দীক শ.
উমর, ওনুমান এবং আলি । মহম্মদের মৃত্যুর পর,
যাঁহারা কেবল আলিকেই তংশ্বরূপ স্থীকার করিলেন,
ভাঁহারাই "শিলা" নামে খ্যাত, এবং ঘাঁহার। উপ-

ইনি মহমদের শ্বাস্তর হইতেন।

রোক্ত চারিজনকেই তৎস্থানীয় জ্ঞান করিলেন, তাঁছারা "সন্ধি"।

উল্লিখিত প্রত্যেক সম্প্রদার আবার অনেক উপসম্প্রদারে বিভক্ত। শিয়া সম্প্রদারে যত উপসম্প্রদার আছে, তম্বাধ্যে উদ্লি, আকবরি, জরেলীরে, ইমানিরে, থেডা-বিয়ে, আইলিয়ে এবং ইয়াকুবিয়েই প্রধান, এবং সৃদ্ধি সম্প্রদারের এহাবী ও বিদ্বিত প্রধান।

ভোষা ৷

এপ্রদেশে প্রচলিত ভাষা হিন্দী এবং উর্দু, হিন্দী দেবনাগরী অক্ষরে এবং উর্দু পারসীক অক্ষরে লিথিত হইয়া থাকে। হিন্দী সংস্তৃত্নক, উর্দু যদিও অনেক ভাষা হইতে সস্তৃত, কিন্ত উহার মূলাংশ পারসী এবং আরাবি।

উদ্বাধার উৎপতি।

আহাৰি ভাষায় উৰ্দুশনের অৰ্থ চৈদ্যা, যংকালে তৈমুববংশীয় সম্রাটগণ দিল্লী নগরে রাজধানী স্থাপন কবেন, তাঁহাদিগের উৰ্দুতে অর্থাৎ সৈনেয় নানাদেশীয় লোক নিযুক্ত ছিল, এবং তাংকালিক দিল্লীস্থ পণ্যাজীব-দিগের ভাষা কেবল দিল্লীই দিল।

5 পাণাজীবদিণের পরস্পর প্রয়োজন বশতঃ নামা ভাষার সম্পিলনে আর একটি সূতন ভাষা উৎপন্ন ছইয়া, ক্ষে ক্রমে এরে ব্যবহারিক হইয়া উঠিল যে শালাহান বাদশার রাজবুকালে উর্দ্ধু জন্য উহা উর্দ্ধু নামেই অভিভিত্ত হইল। অবশেষে ইংরাজনিগের এপ্রদেশে রাজ্যোদর হইতে উহা কমায়ু বিভাগ ভিন্ন অন্যান্য দকল ছানের ধর্মাধিকরণে প্রচলিত হওয়ায় নামা অলকারে ভূষিত হইয়া আদিতেছে। অপর, কালেত এবং নগরবাসী মুসল্যান ভিন্ন, এ অঞ্চলের অধিক লোক এই ভাষার অন্তিজ্ঞ।

শিকা বিভাগ ৷

এক জন উপদেষ্টা, তদধীন গাঁচ জন তত্ত্বাবধায়ক, চারি জন সহকারী তত্ত্বাবধায়ক, বালিকা এ দেশীর শিক্ষয়িত্রী বিদ্যালয় পরিদর্শনার্থে একজন তত্ত্বাবধায়িকা এবং প্রতি জেলায় এক এক জন প্রতিনিধি ও তদধীন ছুই তিন করিয়া অধঃছ খেতিনিধি তত্ত্বাবধায়কের সহকারে শিক্ষাকার্যা-নির্বাহ করিতেছেন।

উপবিভাগীয় তত্ত্বাবধায়কদিগের প্রধান আধিবেশ-নিক নগর, যথা--বনারস, আগরা, নিরঠ, অলমেড়া এবং অজমের। ইছার মধ্যে প্রথমোক্ত ডিন, এবং থোষোক্ত উপবিভাগে এক এক জুন সহকারী তত্ত্বাবধায়ক নিযুক্ত আছেন। বনারস এবং অসমেরে তত্তৎপ্রধান বিদ্যালয়ের অধ্যক্ষদিশ্যের প্রতি এবং আলমোড়ার জনৈক সৈনিক পুক্ষের প্রতি উপবিভাগীয় তত্ত্বাব-ধায়কের কর্ম তার্পিত।

रन्कारमी अथा।

পরস্পর সমিছিত ক্তিপয় প্রামে একটি হল্কা অর্থাৎ
চক্রবাড় হয়, এইরপ চক্রবাড়ে এ প্রদেশের শিক্ষাবিভাগ বিভক্ত। চক্রবাড়ছ কোন এক প্রধান প্রামে
একটি বিদ্যালয় স্থাপিত হইলে, তাহাকে "হল্কাবন্দী
বিদ্যালয়" বলে। অধঃ শ্রেণীর বালক-শিক্ষাই এপ্রকার
বিদ্যালয়ের প্রধান উদ্দেশ, হল্কাবন্দী বিদ্যালয়ে কেবল
ছিন্দী ভাষাই অর্ধীত হয়, এবং উহার বয় নির্বাহার্থে
চুদ্যধিকারিগণ শতকরা এক টাকা করিয়া প্রদান করেম।
রাজ-কোবের যে ভাতে উক্ত শিক্ষা-কর সংগৃহীক হয়,
ভাহাকে "হল্কাবন্দী কগু" বলে, ভাহা হইতে যে সকল
বয় করিতে হয়, ভাহা শিক্ষা-বিভাগের উপদেন্দীর
কর্ত্বাধীন।

বিদ্যালয়ের শ্রেণী ভেদ।

इलकारकी विमालय अदर करना किया, अ थीरमरम जिन शकांत विमानिय बाटक, ग्रथा,-"ज्हानिनी विमान-लय." "इश्तां अवर दमनीय छात्रांत विम्रालय" अवर "প্রধান বিদ্যালয়"। যে বিদ্যালয় তহুসীলে সংস্থাপিত जांकांटक "जक्तिनी विमानिय" वतन, जोकांटज (करल হিন্দীভাষা পঠিত হয়, এবং ভাছার সমুদর ব্যয় রাজ-কোষ হইতে নির্মাহিত হয়। রাজ-ব্যায়ে এবং স্থানীয় माहारगा, देश्वाणि ७ डेर्फ, डाया अश्वासार्थ ध्रथाम अभाग छेलमगरत य जकन विमानत আहि, जाहारक "हेश्तां कि अवर तम्भीत कार्यात विमानत्र" वतन । अवर मगतक विमानतात माम "अशाम विमानता" উद्यात আংশিক বায় রাজকোষ হইতে ও আংশিক বায় স্থানীয শুলক-ভাও হইতে প্রদত্ত হয়, উহার সহিত এক একটি "ছাত্রাবাস" থাকে, ভাছাতে इनकारमी এবং ভছসিলী विमानदात त्रिक-शांख छात्रांग देश्त्रांक व्यश्यमार्थ বাস করে ৷

ত্ৰী শিক।।

ন্ত্রী শিক্ষা-প্রচলন পক্ষে এপ্রদেশের লোকের অপ্প কুসংস্কার থাকায়, ন্ত্রী শিক্ষার বিলক্ষণ উন্নতি দৃত্ত হয়, বালিকাবিদ্যালয় প্রায় চারিশত হইবে, তম্ভিন্ন তিনটি শিক্ষরিত্রী বিদ্যালয় আছে, তাহা আলিগড়, আগরা, এবং বনারসে প্রতিষ্ঠিত।

্ কালেজ।

এ প্রদেশে পাঁচটি কালেজ নিম্নলিখিত ছানে ছাপিত আছে, যথা, বনারস, আগরা, বরেলী এবং অজমের। এতন্তিম সম্প্রতি এলেছাবাদে একটি কালেজ সংস্থাপন জন্য তত্ত্বত্য স্থানীয় সভার বিশেষ উদ্যোগে সাধারণ দান সংগৃহীত হইতেছে।

(होन।

এ প্রদেশে টোলকে 'শালা'' বলে। বদারস তির, অন্যান্য ছানে অতি অপ্প শালা দৃত্ত হয়, এবং ধনি-রাও সংকৃত ভাবার উন্নতি গকে বিশেব যাত্ত্বিক নহেন। যাজকতা-উপজীব্য প্রাক্ষণণ সারস্বত-চিঞ্জিকার 'শাঞ্জ-সন্ধি' পড়িয়া দশ-কর্ম করাইতে পারিলেই পৌরোহিত্যেবরণ পাইয়া থাকেন। যদি কেহ অধিক অধ্যয়নের ইক্ষা কয়েন, তবে তিনি বদারদে গিয়া সিদ্ধান্তকে মুদী আরম্ভ করেন। ইদানীং ইদানীন্তন বৈয়াকরণা এগণ্য পণ্ডিত্বর জীয়ন্ত ভারাদাপ ভর্কবাচক্পতি মহাশয়ের সিদ্ধান্তকে মুদী এপ্রনেশে প্রচালত।

মক্তব।

আধুর বি ভাষাতে বিদ্যালয়কে "মক্তৰ" বলে। ইছা ালালা প্রদেশের পলিগ্রানীয় গুরু মহাশয়দিগের প্রাচীন পদ্ধতির পাঠশালা সদৃশ। এ প্রদেশে এরপ বিদালেরের সংখ্যাও অপ্পান্য, যেতেত জনৈক মউল-বিকে ৩।৪ টাকা করিয়া মাসিক বেতন দেওয়ার স্বযোগ হইলেই একটি মক্তব স্থাপিত হইতে পারে, ইহাতে কেবল পার্মা ভাষাই অধীত হয়, এবং সুকুমার-মৃতি গার্ঘ্য-বালকদিণের এই স্থানেই প্রথমতঃ বিদ্যারম্ভ হয়, গছারা বৈশ্বকাল ছইতে ''বিস্মোলা হর হমেনির'-ছীমের '' ভো কথাই লাই. '' মহম্মদ নবিয়োঁমে তাফাজল " বলিয়া উপদিফী হয়। আবার অধিক इः दश्द विषय अहे (य, अधारमा मूनीर्घकानकारी वक्र-াসী আর্থ্যণও এই সঙ্গে যোগ দিয়া থাকেন। চাহাতে ফল এই দর্শে যে, কিয়দিন অনর্থক পরিপ্রয়ের পর 'না এদিক, না ওদিক'' ছইয়া দাঁভায়।

সভা এবং সমাচারপত।

এপ্রদেশের প্রায় সকল নগরেই এক একটি সভা সং-ছাপিত আছে। এই সকল সভার অভিসন্ধি মন্দ্রয়, অধিক পরিমাণে সম্ভাবিত। বরেলীর বৈজ্ঞানিক, সভা হইতে একথানি মাসিক পত্রিকা পুস্তকাকারে প্রকাশিত হয়, ভাছাতে বৈজ্ঞানিক বিষয় সকল সরল ভাষায় বিভাষিত হয়। সমাচার পত্র যে, এপ্রদেশে অণ্প নয় ইহা বলা বাজ্ল্য মাত্র, মেহেতু ইহাতে গ্রন্দেন্ট্র বিলক্ষণ উৎসাই দান আছে, এমন কি গ্রন্দেন্ট্র একএক পত্রিকার যত থগু গ্রহণ করিয়া থাকেন, ভাছা রহিত হইলে, বোধ হয়, কোন পত্রিকাই স্বাভন্ত্র্য অবলম্বনে জীবন ধারণ করিতে পারে না। অপর, গ্রন্দেন্ট্র গৃহীত পত্রিকা গুলি নগর ও উপনগর ছ বিদ্যালয়ে এবং শিক্ষা-বিভাগীয় প্রত্যেক প্রতিনিধি তত্ত্বাবধায়কের শিকট প্রেরিত হইয়া থাকে।

প্রাম-নগর।

এপ্রদেশের প্রায়শঃ গ্রাম-নগরই প্রাকার-বেন্টিত এবং পুরুদ্বার বিশিষ্ট, প্রাকারকে এ অঞ্চলে 'শেছ্র-পদা'' এবং পুরুদ্বারকে "কটক" বলে। এন ন্তিন্ন প্রায় সকল স্থানেই এক একটি "উপরকোট" দৃষ্ট হয়, ইচাতে স্পান্টই বোধ হয় যে, এ অঞ্চল প্রাচীন কালে কথন নিরুপদ্রুত ছিল না। অপর, আর্গ্য-সন্তানেরা অপেকান্ট্রত নগর বাসানুরক্ত হওরার এপ্রদেশের নগরিক শোভা অন্যাক্তি প্রদেশের নগরাপেকা অধিক-তর দর্শনীয়।

